কর্মসংস্থান ■ KARMASANGSTHAAN ■ Vol. 35 ■ Issue No. 27 ■ 2 July, 2022 ■ 3


KALYANI Reliable
Your Future Starts Here

# উচ্চমাধ্যমিক পাশ ছেলে-মেয়েদের স্বল্প খরচে জব ওরিয়েন্টেড কোর্স করার সুযোগ

## এখন 0 পেমেন্টে নার্সিং কোর্স করুন।

All Courses Approved by Various State Govt. & Councils

**100% Loan Assistance**

## GNM Nursing
## B.Sc Nursing
## PB.Bsc Nursing
## M.Sc Nursing
## D. Pharm
## B.Pharm
## Pharm-D

**আমাদের এখান থেকে ভর্তি হওয়া কয়েকশো ছেলেমেদের মধ্যে কিছু নতুন ছেলে-মেয়েদের ছবি দেওয়া হল-**



আমি অর্ক রায় মুখার্জী। সরকারি ও বেসরকারি ক্ষেত্রে প্রচুর কাজের সুযোগ থাকায় নার্সিং কোর্সে ভর্তি হই। এজন্য আমাকে সবদিক থেকে সাহায্য করেছে কল্যাণী রিলায়েবেল। এজন্য আমি কল্যাণী রিলায়েবেল-কে ধন্যবাদ জানাই।



আমি মেঘনা পাইক। বাইরের কলেজ হলেও কোনো রকম ভয়ের ব্যাপার নেই। সবদিক থেকে নিরাপত্তা আছে। খাওয়া ও থাকা কোনো কিছুতেই অসুবিধা হচ্ছে না। রিলায়েবল সবসময় আমাদের পাশে থাকে।



আমি লক্ষ্মী দাস। অনেক জায়গায় ঘুরে ঘুরে সেরকম ভরসা না পাওয়ায় অবশেষে আসি কল্যাণী রিলায়েবলে। এখানে এসে মনে হয়েছে সব ঠিক জেনে উপযুক্ত জায়গাতেই এসেছি। এখন আমি ও আমার অভিভাবকরা নিশ্চিন্ত বোধ করছি।



আমি রাজা চক্রবর্তী। আমি গত তিন বছর ধরে নার্সিং কোর্স করার জন্য যা যা সাহায্য দরকার ছিল, সবকিছু আমি এদের থেকে পেয়েছি, আমি এখানে দেখানো পথে ব্যাঙ্গালোরের কলেজে পড়ি, কোর্স করে আজকে আমার রেজিস্ট্রেশন হয়ে গেছে।



Kalyani Sutradhar | Baisakhi Mondal | Nandini Chowdhury | Jeshmin Tarafdar | Jhimi Biswas | Madhumita Banerjee | Priyanka Jana | Sayan Dey | Subho Samir Ghosh | Riya Sutradhar | Sujan Das | Tahera Khatun

এছাড়াও আমাদের যেসকল কোর্স গুলিতে ভর্তি চলছে - প্যারামেডিক্যাল, মেডিক্যাল, ম্যানেজমেন্ট, এগ্রিকালচার, ওকালতি, লাইব্রেরী সায়েন্স, গ্রাফিক্স ডিজাইনিং ইত্যাদি কোর্সে ভর্তি চলছে।

## বিস্তারিত জানতে : কল্যাণী রিলায়েবেল

**H.O : Kalyani, 9007309541 / 7003007707**

**CORP. Off : 24 Park Street, Kol-16, 6290427068**

পূর্ব, পশ্চিম মেদিনীপুর ও ঝাড়গ্রাম : 8649822307 / 8100513198, দক্ষিন ২৪ পরগনা : 7439133879, উত্তর ২৪ পরগনা : 9641527650, বাঁকুড়া-বিষ্ণুপুর, খাতরা, মানবাজার : 8240152898, শিলিগুড়ি, কোচবিহার, মালদা, জলপাইগুড়ি, দিনাজপুর : 6291613422, দুর্গাপুর, আসানসোল, পুরুলিয়া, বর্ধমান : 7439702836

**For Franchise & Any Enquiry : 8017811251 ( Only Whatsapp )**

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের পর কোথায় কী সরকারি চাকরি

**মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশের পর রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সংস্থায় সারা বছরই বিভিন্ন পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হয়। বিজ্ঞপ্তি বেরোলে যথাসময়ে 'কর্মসংস্থানে' দেওয়া হয়। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স থাকা দরকার, প্রার্থী বাছাই পদ্ধতি, বিজ্ঞপ্তি বেরোনোর সময় ইত্যাদি দেওয়া হল। এটি প্রথম কিস্তি।**

## কেন্দ্রীয় স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে লোক নেওয়া হয় স্টাফ সিলেকশন কমিশনের এইসব পরীক্ষার মাধ্যমে :

### মাল্টি টাস্কিং স্টাফ

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ বা, অফিসে কাজের জন্য 'মাল্টি টাস্কিং (নন-টেকনিক্যাল) স্টাফ' পদে লোক নেওয়া হয়। চাকরি হয় জেনারেল সেন্ট্রাল সার্ভিস 'গ্রুপ-সি' নন-গেজেটেড নন মিনিস্ট্রিয়াল পদে। মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হয় ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ (তপশিলী হলে ১৩, ও.বি.সি. হলে ১১) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পান।

প্রার্থী বাছাই করে কেন্দ্রীয় স্টাফ সিলেকশন কমিশন। 'Recruitment to the post of Multi Tasking (Non -Technical) Staff in Different States and Union Territories'এর পরীক্ষার মাধ্যমে। প্রথমে সর্বভারতীয় পর্যায়ের লিখিত পরীক্ষা হয়। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হয় এই ৪টি পার্টে : (ক) প্রথম পার্ট-জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং -২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (খ) দ্বিতীয় পার্ট-নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (গ) তৃতীয় পার্ট-জেনারেল ইংলিশ - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (ঘ) চতুর্থ পার্ট-জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকে ২ ঘন্টা। দৃষ্টিহীন প্রতিবন্ধীরা অতিরিক্ত ২০ মিনিট সময় পান। প্রশ্ন হয় ইংরিজি ও হিন্দিতে। লিখিত পরীক্ষার নেগেটিভ মার্কিং থাকে। প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হয়। লিখিত পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে মেধা তালিকা তৈরি হয়। এই পরীক্ষায় কোনো ইন্টারভিউ নেই। লিখিত পরীক্ষায় একাধিক প্রার্থী একই নম্বর পেয়ে থাকলে সেক্ষেত্রে প্রথমে তৃতীয় পার্ট, তারপর দ্বিতীয় পার্ট, তারপর জন্ম-তারিখ (বেশি বয়সের প্রার্থীরা আগে অগ্রাধিকার পান), তারপর নামের বর্ণমালা অনুযায়ী প্রথম দিকের প্রার্থীরা অগ্রাধিকার পান। দরখাস্ত করা যায় দুইভাবে : অফলাইনে কিংবা সরাসরি অনলাইনে। এই ওয়েবসাইটে : www.ssc.nic.in

### ক্লার্ক ও ডাটা এন্ট্রি অপারেটর

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে কাজের জন্য 'লোয়ার ডিভিশন ক্লার্ক' ও 'ডাটা এন্ট্রি অপারেটর' পদে লোক নেওয়া হয় 'Combined Higher Secondary Leve (10+2) Examination, for Recruitment of Data Entry Operator & Lower Division Clerks' পরীক্ষার মাধ্যমে।

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিয়ে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে 'লোয়ার ডিভিশন ক্লার্ক' পদের জন্য আবেদন করতে পারেন। চাকরি হয় 'X' ও 'Y' গ্রুপে। গ্রুপ 'X' ক্যাটেগরিতে চাকরি হয় এইসব দপ্তরে : আর্মড ফোর্সেস হেড কোয়ার্টার্স, ইলেকশন কমিশন অফ ইন্ডিয়া, ইন্ডিয়ান ফরেন সার্ভিস গ্রেড-IV, মিনিস্ট্রি অফ পার্লামেন্টারি অ্যাফেয়ার্স, প্রেসিডেন্টস সেক্রেটারিয়েট, সেন্ট্রাল ভিজিলেন্স কমিশন, ডিরেক্টরেট অফ ফরেন্সিক সায়েন্স, এছাড়াও অন্যান্য বিভাগে। 'গ্রুপ-Y' গ্রেডের বেলায় চাকরি হয় ভারতের যে কোনো জায়গায় কম্পট্রোলার অ্যান্ড অডিট জেনারেল অফ ইন্ডিয়া, অ্যাকাউন্ট্যান্ট জেনারেল (অডিট), অ্যাকাউন্টস জেনারেল (অ্যাকাউন্টস অ্যান্ড এস্টাবলিশ), কন্ট্রোলার জেনারেল অফ ডিফেন্স অ্যাকাউন্টস ও অন্যান্য অফিসে।

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা কম্পিউটারে ডাটা এন্ট্রির কাজে ঘন্টায় অন্তত ৮,০০০ কী ডিপ্রেশনে গতি থাকলে 'ডাটা এন্ট্রি অপারেটর' পদের জন্য আবেদন করতে পারেন। দুই পদের বেলায়ই বয়স হতে হয় ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ (তপশিলী হলে ১৩, ও.বি.সি. হলে ১১) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পান। 'গ্রুপ-সি' নন-গেজেটেড অফিসার পদে চাকরি।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে সর্বভারতীয় পর্যায়ের অনলাইন পরীক্ষা হয়। পূর্ব-ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা, মেদিনীপুর, জলপাইগুড়ি-সহ বিভিন্ন কেন্দ্রে। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হয় এই ৪টি পার্টে : (ক) জেনারেল ইন্টেলিজেন্স - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (খ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ (বেসিক নলেজ) - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (গ) নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড (বেসিক অ্যারিথমেটিক স্কিল) - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (ঘ) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকে ২ ঘন্টা। দৃষ্টিহীন প্রতিবন্ধীরা অতিরিক্ত ২০ মিনিট সময় পান। প্রশ্ন হয় ইংরিজি ও হিন্দিতে। লিখিত পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতি প্রশ্নে ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হয়। লিখিত পরীক্ষায় সফল হলে টাইপিং টেস্ট / স্কিল টেস্ট।

'লোয়ার ডিভিশন ক্লার্ক' পদের বেলায় লিখিত পরীক্ষায় সফল হলে ১০ মিনিটের কম্পিউটার টাইপিং টেস্ট হয়। টাইপ টেস্টের অনুরূপভাবে ঘন্টায় ১০,৫০০ কী ডিপ্রেশনে (গড়ে প্রতি শব্দের জন্য ৫টি কী ডিপ্রেশন দেখা-হয়) গতি দেখা হয়।

'ডাটা এন্ট্রি অপারেটর' পদের বেলায় লিখিত পরীক্ষায় সফল হলে ঘন্টার ৮,০০০ কী ডিপ্রেশন কম্পিউটারে ডাটা এন্ট্রির গতি দেখা হয়। ছাপানো প্যারাগ্রাফ দেখে ১৫ মিনিটে টেস্ট হয়। এই টেস্টে কোয়ালিফাইং নম্বর পেতে হয়। চূড়ান্ত তালিকা তৈরির সময় ডাটা এন্ট্রি টেস্টের নম্বর যোগ হয় না। বিজ্ঞপ্তি বেরোলে দরখাস্ত করা যাবে এই দু'ভাবে : অফলাইনে কিংবা সরাসরি অনলাইনে।

### স্টেনোগ্রাফার

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে কাজের জন্য 'স্টেনোগ্রাফার গ্রেড-C' ও 'স্টেনোগ্রাফার গ্রেড-D' পদে লোক নেওয়া হয় 'স্টেনোগ্রাফার্স (গ্রেড-C ও গ্রেড-D) এক্সামিনেশন'এর মাধ্যমে। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। গ্রেড 'D' স্টেনোগ্রাফার পদের বেলায় ইংরিজি শর্টহ্যান্ড ও টাইপিংয়ে মিনিটে যথাক্রমে অন্তত ৮০টি ও ৩০টি শব্দ তোলার গতি থাকা দরকার। আর গ্রেড 'C' স্টেনোগ্রাফার পদের বেলায় ইংরিজি শর্টহ্যান্ড ও টাইপিংয়ে মিনিটে যথাক্রমে অন্তত ১০০টি ও ৪০টি শব্দ তোলার গতি থাকা দরকার। বয়স হতে হয় ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ (তপশিলী হলে ১৩, ও.বি.সি. হলে ১১) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পান। পরিশ্রমের কাজে শারীরিক ও মানসিকভাবে সক্ষম ও সুস্থ হতে হবে। চাকরি হয় গ্রুপ-B নন-গেজেটেড অফিসার পদে।

প্রার্থী বাছাইয়ের জন্য সর্বভারতীয় লিখিত পরীক্ষা হয়। পূর্ব-ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা, মেদিনীপুর, জলপাইগুড়ি-সহ বিভিন্ন কেন্দ্রে। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হয় এই ৩টি পার্টে — (ক) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (খ) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (গ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন - ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন। সময় থাকে ২ ঘন্টা। সফল হলে স্কিল টেস্ট। গ্রেড-C স্টেনো পদের বেলায় মিনিটে ১০০টি শব্দ তোলার গতিতে ১০ মিনিটের স্টেনো টেস্ট হয়। তারপর ওই ম্যাটার মিনিটে ৪০টি শব্দ তোলার গতিতে কম্পিউটারে টাইপ করতে হয়।

গ্রেড-D স্টেনো পদের বেলায় মিনিটে ৮০টি শব্দ তোলার গতিতে ১০ মিনিটের স্টেনো টেস্ট হয়। তারপর ওই ম্যাটার মিনিটে ৩০টি শব্দ তোলার গতিতে কম্পিউটারে টাইপ করতে হয়।

দরখাস্ত করা যায় দুইভাবে : নির্দিষ্ট বয়ানে টাইপিং করার পর নিজের হাতে পূরণ করে কিংবা সরাসরি অনলাইনে।

### ৮ প্যারা মিলিটারিতে কনস্টেবল

কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন বর্ডার সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স, ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ, সশস্ত্র সীমা বল, এন.আই.এ. ও এস.এস.এফ.'এ 'কনস্টেবল (জেনারেল ডিউটি)' পদে আর অসম রাইফেলসে 'রাইফেলম্যান (জেনারেল ডিউটি)' পদে প্রতি বছর কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হয়। অন্তত মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এই পদের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হয় ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর ও প্রাক্তন সমরকর্মী, বিভাগীয় কর্মীরা যথারীতি বয়সে ছাড় পান। শরীরের মাপজোখ হতে হয় ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৭০ সেমি. (তপশিলী উপজাতি হলে ১৬২.৫ সেমি, অসম, ত্রিপুরা, মিজোরাম ও পার্বত্য এলাকার প্রার্থী হলে ১৬৫ সেমি.) আর বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ সেমি. ও ফুলিয়ে ৮৫ সেমি. (পার্বত্য এলাকার হলে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি.)। মহিলাদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ সেমি. (তপশিলী উপজাতি হলে ১৫০ সেমি, অসম, ত্রিপুরা, মিজোরাম ও পার্বত্য এলাকার প্রার্থী হলে ১৫৫ সেমি.)। দৃষ্টিশক্তি দরকার দূরের বেলায় এক চোখে ৬/৬ ও অন্য চোখে ৬/৯। ওজন হতে হয় উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। ভাঙা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, ধনুকের মতো পা, ট্যারা দৃষ্টি, শুধুমাত্র বাঁ চোখ বোজানোয় অক্ষমতা, আঙ্গুলগুলি নাড়াচাড়া করায় অক্ষমতা, শিরাস্ফীতি, অন্য কোনো শারীরিক ত্রুটি, চোখে চশমা বা, কন্ট্যাক্ট লেন্স কিম্বা বর্ণান্ধতা থাকলে যোগ্য নন।

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন 'Constable (GD) in Central Armed Police Forces (CAPFs), NIA & SSF and Rifleman (GD) in Assam Rifles (AR) Examination'এর পরীক্ষার মাধ্যমে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে 'কম্পিউটার বেসড পরীক্ষা (সি.বি.ই.)' হবে। এইপরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) পার্ট-এ : জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (২) পার্ট-বি : জেনারেল নলেজ অ্যান্ড জেনারেল অ্যাওয়ারনেস ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন, (৩) পার্ট-সি : এলিমেন্টারি ম্যাথমেটিক্স -২৫ নম্বরের ২৫টি প্রশ্ন,(৪) পার্ট-ডি : ইংরিজি /হিন্দি -২৫ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। পরীক্ষায় প্রশ্ন হবে ইংরিজি, হিন্দিতে। প্রশ্ন হবে মাধ্যমিক মানের। এই পরীক্ষার তারিখ এখনো ঠিক হয়নি। তারিখ ঠিক হলে যথাসময়ে ওয়েবসাইটে দেওয়া হবে। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : কলকাতা, শিলিগুড়ি, হুগলি, বেরহামপুর, গ্যাংটক, ভুবনেশ্বর, রাঁচী, কটক, রৌরকেলা।

কম্পিউটার বেসড পরীক্ষায় সফল হলে 'শারীরিক মাপজোখের পরীক্ষা (PST)' ও 'শারীরিক সক্ষমতার পরীক্ষার (PET)' জন্য ডাকা হবে। তখন সব সার্টিফিকেট পরীক্ষা করা হবে।

শারীরিক মাপজোখের পরীক্ষায় প্রথমে থাকবে ছেলেদের বেলায় ২৪ মিনিটে ৫ কিমি দৌড় আর মেয়েদের বেলায় ৮.৩০ মিনিটে ১.৬ কিমি দৌড়। অ্যাডমিট কার্ড ডাকে পাঠানো হবে না। ই-অ্যাডমিট ডাউনলোড করতে পারবেন, এই ওয়েবসাইট থেকে : www.crpf.nic.in

সফল হলে ডাক্তারি পরীক্ষা হবে। চূড়ান্ত তালিকা তৈরির সময় লিখিত পরীক্ষার নম্বর দেখা হবে। শারীরিক মাপজোখ বা, শারীরিক সক্ষমতায় পাওয়া নম্বর দেখা হবে না। প্রতিটি রাজ্যের জন্য আলাদা মেধা তালিকা তৈরি হবে। সাধারণ ও প্রাক্তন সমরকর্মীরা ৩৫% আর তপশিলী, ও.বি.সি.'রা ৩৩% নম্বর পেলে সফল হবেন। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.nic.in

## ইউ.পি.এস.সি.'র মাধ্যমে

ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের উচ্চমাধ্যমিক যোগ্যতায় নেওয়া হয় :

**ন্যাশনাল ডিফেন্স অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি :** উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা স্থলবাহিনীর, ফিজিক্স ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশ-ছেলেরা 'বিমানবাহিনী' বা, 'নৌবাহিনী'র জন্য আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট বছরের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। বয়স দরকার সাড়ে ১৬ থেকে ১৯ বছরের মধ্যে। পরীক্ষা হয় এক দিনে এই দুই পেপারের : (১) ৩০০ নম্বরের অঙ্ক, (২) ৬০০ নম্বরের জেনারেল এবিলিটি টেস্ট। প্রতিটি পেপারে আড়াই ঘন্টা সময়। অঙ্কে থাকে পাটিগণিত, বীজগণিত, পরিমিতি, জ্যামিতি, ত্রিকোণমিতি ও রাশিবিজ্ঞান। 'জেনারেল এবিলিটি টেস্ট' পেপারে থাকে ২০০ নম্বরের ইংরিজির গ্রামার ও কম্প্রিহেনশন টেস্ট আর ৪০০ নম্বরের জেনারেল নলেজ। প্রশ্নপত্র হয় অবজেক্টিভ টাইপের। সফল হলে ইন্টেলিজেন্স টেস্ট ও পার্সোন্যালিটি টেস্ট। এই টেস্টে থাকে ভার্বাল ও নন-ভার্বাল প্রশ্ন। এরপর হয় গ্রুপ ডিসকাশন, গ্রুপ প্ল্যানিং, আউটডোর গ্রুপ টাস্ক ও একটি বিশেষ বিষয়ের সংক্ষিপ্ত বক্তৃতা। শেষের এই পরীক্ষায় সর্বোচ্চ ৯০০ নম্বর পেতে হয়। সফল হলে ৩ বছরের ট্রেনিং।

## পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

### লোয়ার ডিভিশন ক্লার্ক

পশ্চিমবঙ্গের সব সরকারি দপ্তরের আঞ্চলিক অফিস ও জেলার সরকারি অফিসগুলিতে কাজের জন্য 'ক্লার্ক' পদে কয়েক হাজার ছেলেমেয়ে নেওয়া হয়। নিয়োগ হয় গ্রুপ-C পদে। চাকরি হয় ৩ বছরের জন্য, অস্থায়ী ভিত্তিতে। মূল মাইনে ছাড়াও শুধুমাত্র ডাক্তারি খরচ পান। মহার্ঘ ভাতা ও বাড়ি ভাড়া ভাতা পান না। ৩ বছর চাকরি চলাকালীন স্থায়ী হওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের বিভাগীয় পরীক্ষায় সফল হতে হয়। বিভাগীয় পরীক্ষায় একবার অকৃতকার্য হলে আরো একবার পরীক্ষা দেওয়ার সুযোগ পান। তখন অকৃতকার্য হলে চাকরি হারাতে হয়।

মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা 'ক্লার্ক' পদের জন্য আবেদন করার যোগ্য। কম্পিউটারে টাইপিংয়ের গতি থাকতে হবে। বয়স হতে হয় ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পান। প্রার্থী বাছাই করে 'পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন'। প্রথমে লিখিত পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে দু'টি পার্ট। প্রথম পার্টে অবজেক্টিভ টাইপের দেড় ঘন্টার পরীক্ষায় প্রশ্ন হবে এই ২টি পেপার : (১) অ্যারিথমেটিক - ৫০ নম্বর, (২) জেনারেল নলেজ - ৫০ নম্বর। দ্বিতীয় পার্টে ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন হবে এই ২টি বিষয়ে : (১) বাংলা - ৫০ নম্বর, (২) ইংরিজি - ৫০ নম্বর। সফল হলে কম্পিউটারে টাইপিং টেস্ট হবে। দরখাস্ত নেওয়ার বিজ্ঞপ্তি বেরোলে তখনই আবেদন করতে পারবেন।

### রাজ্য সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইন্সপেক্টর

পশ্চিমবঙ্গ সরকারের সাব-অর্ডিনেট খাদ্য ও সরবরাহ দপ্তরে কাজের জন্য 'সাব-ইন্সপেক্টর' পদে ছেলেমেয়ে নেওয়া হয়। মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ৫ বছর আর প্রাক্তন সমরকর্মী ও

☞ এরপর ৮ পাতায়

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশের পর স্বাস্থ্য ক্ষেত্রে প্রচুর কাজ

# কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত স্বাস্থ্য সম্পর্কিত প্যারামেডিক্যালের নানান কোর্সে ভর্তি চলছে

**SMFWBEE-2022 পরীক্ষাতে পাশ করা ছাত্রছাত্রীদের ক্ষেত্রে ভর্তিতে বিশেষ ছাড় (র‍্যাঙ্ক কার্ড সঙ্গে আনতে হবে)।**

কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত Susrijo Institute of Paramedical Technology and Optometry-তে নতুন অ্যাকাডেমিক সেশনে এই ১২টি কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে : (১) ডিপ্লোমা ইন অপ্টোমেট্রিক্যাল সায়েন্স অ্যান্ড অপথ্যালমিক টেকনিক, (২) ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিক, (৩) ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনিক, (৪) ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনিক, (৫) ডিপ্লোমা ইন ডেন্টাল টেকনিক অ্যান্ড ওরাল হাইজিন, (৬) ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি, (৭) ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি। (৮) ডিপ্লোমা ইন ইলেক্ট্রোকার্ডিওগ্রাফি টেকনিক, (৯) ডিপ্লোমা ইন ডায়ালিসিস টেকনিশিয়ান, (১০) ডিপ্লোমা ইন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেন্সিয়াল ড্রাগ। সবক'টি কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ। তবে কমার্স ও আর্টস শাখার ছাত্রছাত্রীরাও আবেদন করতে পারবেন, সেক্ষেত্রে তাদের ৬ মাসের একটি ব্রিজ কোর্স 'প্রি অপ্টোমেট্রি অ্যান্ড প্রি টেকনোলজি' মূল কোর্সের সাথে একই সঙ্গে করে নিতে হবে। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ।

এখানে মাধ্যমিক যোগ্যতায় ভর্তি নেওয়া হচ্ছে এই কোর্সে : সার্টিফিকেট ইন স্যানিটারি ইন্সপেকশন। এই কোর্সের মেয়াদ ১ বছর। এছাড়াও গ্র্যাজুয়েটদের জন্য চাকরির উপযোগী পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স পড়ানো হয়। সময়সীমা ১ বছর ও ৬ মাস ইন্টার্ণশিপ।

এখানে ভর্তি হলে ছাত্রছাত্রীরা ব্যাঙ্ক লোনের সুবিধা পাবে। এছাড়াও রয়েছে মাসিক কিস্তিতে কোর্স ফী দেওয়ার সুযোগ। দূরবর্তী ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা আছে। কোর্স শেষে ছাত্রছাত্রীরা The West Bengal Allied-Medical and Para-Medical Council-এ নাম নথিভুক্ত করতে পারবে। এখান থেকে পাশ করার পর ছাত্রছাত্রীদের পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তর ছাড়াও বিভিন্ন সরকারি, বেসরকারি হসপিটালে প্রচুর চাকরির সুযোগ রয়েছে। রয়েছে স্বাধীন ব্যবসার সুযোগ। তাই সময় নষ্ট না করে তাড়াতাড়ি ও কিছুটা অভিনব চাকরির জন্য ভর্তি হতে পারেন কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত এই প্রতিষ্ঠানে। ভর্তির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : Susrijo Institute of Paramedical Technology and Optometry (SIPTO), Webel IT Park, Krishnagar, Nadia – 741101 (Near Krishnagar Horticulture Office). ফোন : 9064922886, 7001279061. ওয়েবসাইট : www.sipto.org ই-মেল : www.sipto19@gmail.com

# কেন্দ্রীয় সংস্থায় ৬ কর্মমুখী কোর্সে ভরতি

কেন্দ্রীয় সরকারের ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্প মন্ত্রকের অধীন এনএসআইসি-টেকনিক্যাল সার্ভিসেস সেন্টারে ২০২২-'২৪ সেশনে এনসিভিটি স্বীকৃত এই ৬টি আইটিআই ট্রেডে ভরতি নিচ্ছে : ইলেকট্রিশিয়ান, ফিটার, মেশিনিস্ট, সার্ভেয়র, ড্রাফটসম্যান মেকানিক্যাল ও ওয়েল্ডার। প্রথম ৫টি ট্রেডের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার মাধ্যমিক পাশ। সব কোর্সের মেয়াদ ২ বছর। ওয়েল্ডার ট্রেডের ক্ষেত্রে যোগ্যতা দরকার এইট পাশ ও মেয়াদ ১ বছর। আধুনিক পরিকাঠামো, অভিজ্ঞ শিক্ষকরা পড়ান। সব ক্ষেত্রে অন জব ট্রেনিং ও ইন্ডাস্ট্রি ভিজিটের সুযোগ রয়েছে। চাকরির ক্ষেত্রে সাহায্য করা হয়। আগে আসার ভিত্তিতে সুযোগ। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : এনএসআইসি- টেকনিক্যাল সার্ভিসেস সেন্টার, জাপানিগেট, বাল্টিকুরি, হাওড়া-৭১১১১৩। ফোন-৯০৩৮৩৯৬৫৬৩/৯১৫৩২৯৪৪৮৫/৯৬৭৯২৪৪৮৪৪। ওয়েবসাইট : https://www.nsic.co.in/NTSC/NTSC-Howrah

# নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় ও প্রণবানন্দ ইনস্টিটিউটের উদ্যোগে কর্মমুখী কোর্সে ভরতি

নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় ও ভারত সেবাশ্রম সংঘের প্রণবানন্দ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজির যৌথ উদ্যোগে জুলাই সেশনে ৮টি কর্মমুখী কোর্সে ভরতি নেওয়া হচ্ছে। বয়সের কোনো কড়াকড়ি নেই। আগে আসার ভিত্তিতে সুযোগ। শিক্ষাগত যোগ্যতা কোর্স অনুযায়ী উচ্চমাধ্যমিক থেকে ডিগ্রি কোর্স পাশ। ভরতি নেওয়া হচ্ছে এইসব কোর্সে : (১) বিজনেস অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল অ্যাডমিনিস্ট্রেশন, (২) টেলারিং অ্যান্ড ড্রেস ডিজাইনিং, (৩) প্রি-প্রাইমারি টিচার্স - মন্তেশ্বরি, (৪) ফায়ার সেফটি সিকিউরিটি অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট, (৫) জিএসটি ও ট্যাক্স, (৬) যোগা থেরাপি ও নেচারোপ্যাথি, (৭) ফিটনেস ও স্পোর্টস ম্যানেজমেন্ট, (৮) বিউটিশিয়ান ও ওয়েলনেস। পড়ানো হবে এইসব স্টাডিসেন্টারে : কলকাতা (০৩৩ ৩৫৯০৯৯৫৬), ডায়মন্ডহারবার (৯৩৩১২৫৬৯৩৪), বারাসাত-হৃদয়পুর (৯৬৪১৭২৬৯৫১), বর্ধমান (৯৬৭৯৭১১০০৭), ফরাক্কা (৯৭৩২৫৯৩৫৬১), খাতরা-বাঁকুড়া (৮৩৪৮২৯৭১২৯), রায়গঞ্জ (৯৩৮২৮৭৮৮৫৩), পুরুলিয়া (৭৫৮৪৯৩২৬৮০), মালদা (৯৪৭৪৬৫৩৫৬৭)। প্রণবানন্দ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজির অধ্যক্ষ প্রবীরকুমার দে জানান, এই প্রথম সাধারণ নেশার ছেলেমেয়েদের কর্মসংস্থানের জন্য বিজনেস ও ইন্ডাস্ট্রিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের ডিপ্লোমা/অ্যাডভান্স ডিপ্লোমা কোর্স চালু করা হল। এই কোর্সে স্পেশালাইজেশন বিষয় হিসাবে রয়েছে : অফিস/রিটেল/এইআর ট্রাভেল ট্যুরিজম / ইভেন্ট/লজিস্টিক্স/ব্যাঙ্কিং ইনসিওরেন্স/সেফটি সিকিউরিটি/আইটি-ডাটা অ্যানালিটিক্স ও ডিজিটাল মার্কেটিং। সব কোর্সে থিওরির পাশাপাশি রয়েছে প্র্যাক্টিক্যাল ট্রেনিং। ইন্ডাস্ট্রিয়াল ভিজিট। কোর্স শেষ করার পর চাকরির পাশাপাশি আছে স্বনিযুক্তি সুযোগ। আমাদের মূল্য লক্ষ্য বাংলার ছেলেমেয়েদের স্বনিযুক্তির ক্ষেত্রে সাহায্য করা। গত কয়েক বছরে আমাদের প্রতিষ্ঠান থেকে বিভিন্ন বৃত্তিমূলক কোর্স করে সফল ছেলেমেয়েরা সরকারি-বেসরকারি সংস্থায় চাকরি করছে। ভরতির জন্য যোগাযোগ 9331256934/ 9830216056. website : www.pimtonline.in, e-mail : pimtonline@gmail.com


**ITI-এ ভর্তি**

NCVT অনুমোদিত

TIIME-ITI-এ 2022 সেশনে ভর্তির জন্য যোগাযোগ করুন :

কোর্স : ইলেকট্রিশিয়ান ও সার্ভেয়র

9143234509, 9143237745

**প্রগতি ITI-এ ভর্তি**

বহরমপুর ও কৃষ্ণনগরে

NCVT অনুমোদিত বহরমপুর প্রগতি ITI ও কৃষ্ণনগর প্রগতি ITI-এ ২০২২ সেশনে নিচের ট্রেডগুলিতে ভর্তির জন্য যোগাযোগ করুন:

কোর্স : ইলেক্ট্রিশিয়ান ও ফিটার

বহরমপুর : 9434900500

কৃষ্ণনগর : 9434900700

**W.B.C.S.**

স্বল্প ফি-তে উৎকৃষ্ট মানের কোচিং

জি.ডি. স্টাডি সার্কেল পরিচালিত ইন্টিগ্রেটেড WBCS, Miscellaneous এবং সমগোত্রীয় চাকরীর কোচিং শুরু হচ্ছে জুলাই মাস থেকে। প্রধান পৃষ্ঠপোষক বিশিষ্ট শিল্পপতি ও শিক্ষা দরদী জনাব মোস্তাক হোসেন। প্রত্যেক শনি ও রবিবার নিয়মিত ক্লাস ও পড়াশোনা শুরু। ইচ্ছুক প্রার্থীরা ১১ জুলাই এর মধ্যে যোগাযোগ করুন। নাম, ঠিকানা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা এবং উচ্চ মাধ্যমিক ও স্নাতক স্তরের পরীক্ষার শতকরা নম্বর জানিয়ে হোয়াটসঅ্যাপে আবেদন করতে হবে।

WhatsApp No: 9732188057

জি.ডি. স্টাডি সার্কেল

পি-৩, সোহরাবর্দি অ্যাভিনিউ, পার্ক সার্কাস, কোলকাতা- ১৭ (লেডি ব্র্যাবোর্ন কলেজের পাশে)

**VIVEKANANDA MISSION ASRAM**

Training Centre for the Teachers

P.O. Chaitanyapur (Haldia), Dist. Purba Medinipur, PIN - 721645

Ph. No. 9564454992, 8170004906

E-mail : vmatctvh@gmail.com, Website : www.vmaindia.org

D.Ed. Spl. Ed. (V.I) [Recog. by RCI, New Delhi, Affl. to NIEPVD & Govt. of WB] 2022-2024 শিক্ষাবর্ষে ভর্তির জন্য 45 বছর অনূর্ধ্ব উচ্চ মাধ্যমিকে (10+2) অন্তত 50% নম্বর আবশ্যক। অনলাইনে Form Fillup এর শেষ তারিখ ২১.০৭.২০২২। বিশদ জানতে ওয়েবসাইট দেখুন : www.rehabcouncil.nic.in, www.vmaindia.org ও অফিসে যোগাযোগ করুন। বিঃদ্রঃ B.Ed. Spl. Ed. (V.I.) কোর্সে সরাসরি ভর্তির জন্য Form জমা নেওয়া হচ্ছে। -সাধারণ সম্পাদক

**স্টাফ সিলেকশনে ৭০০০০**

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তরে ৭০ হাজার শূন্যপদে শীঘ্রই আবেদনগ্রহণ শুরু করবে স্টাফ সিলেকশন কমিশন। যোগ্যতা মাধ্যমিক থেকে শুরু।

**সেনাবাহিনীতে ৪৬ হাজার অগ্নিবীর**

| স্থলসেনা | বায়ুসেনা | নৌসেনা |
|---|---|---|
| শূন্যপদ : ৪০০০০ + | শূন্যপদ : ৩৫০০ + | শূন্যপদ : ২৫০০ + |
| বয়স : ১৭.৫ - ২৩ বছর | বয়স : ১৭.৫ - ২১ বছর | বয়স : ১৭.৫ - ২৩ বছর |
| যোগ্যতা : এইট - মাধ্যমিক | যোগ্যতা : উচ্চমাধ্যমিক | যোগ্যতা : উচ্চমাধ্যমিক |

সব বিভাগেই শূন্যপদ আরও বাড়তে পারে

স্কুল সার্ভিসে নতুন নিয়মে GSCE-তে ক্লাস চলছে। পুজোর পরেই ২০ হাজারের বেশি শিক্ষক নিয়োগ।

GSCE-র কুইজ কনটেস্টে অংশগ্রহণ করার জন্য পাশের QR Codeটি স্ক্যান করুন এবং জিতে নিন কোর্স ফিতে আকর্ষণীয় ছাড়। শেষ তারিখ ১০ জুলাই।

Rs. 25% Off
WBCS / Regular Combined (RCC)
First Come, First Served within 30.06.22
Helpline : 9830277100 / 200 / 300
GSCE পড়লেই সরকারি চাকরি
এই কুপনটি সঙ্গে আনলে কোর্স ফি-তে 25% ছাড়

Helpline : 9830277100 / 200 / 300 Website : www.gsceindia.org

GSCE কেন্দ্র

| | |
|---|---|
| শিয়ালদহ (HO) | 9051040306, 9674087465 |
| কোচবিহার | 9830277023 |
| আলিপুরদুয়ার | 9674033336 |
| দিনহাটা | 9830277698 |
| জলপাইগুড়ি | 9674025600 |
| ধূপগুড়ি | 9830277257 |
| শিলিগুড়ি | 9674087473 |
| কালিম্পং | 9830277171 |
| মালদা | 9674087472 |
| বহরমপুর | 9674087471 |
| কৃষ্ণনগর | 9674087470 |
| রানাঘাট | 9674083508 |
| কল্যাণী | 9674087469 |
| ব্যারাকপুর | 9230056668 |
| ডানলপ | 9230056673 |
| বারাসাত | 9674087467 |
| কোন্নগর | 9230056667 |
| সোনারপুর | 9674087466 |
| পঃ মেদিনীপুর | 9230056671 |
| ঝাড়গ্রাম | 9674087874 |
| বর্ধমান | 9674025700 |
| বোলপুর | 9674012025 |
| ব্যান্ডেল | 9230056669 |
| কাটোয়া | 9830277230 |

101 GEORGE TELEGRAPH GSCE The Sure Way to Success George Telegraph • Since 1920


# মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজির (MAKAUT) এর B.Sc. Agriculture Biotechnology এর ডিগ্রি কোর্স করে সরকারি ও বেসরকারি প্রচুর চাকুরীর সুযোগ

**নিজস্ব প্রতিনিধি :** ক্লাস ১২ এর রেজাল্ট বেরিয়ে গিয়েছে। আজ প্রত্যেকটি ছাত্রছাত্রী তাদের অভিভাবকরা চিন্তিত যে কী নিয়ে গ্র্যাজুয়েশন করলে সুনিশ্চিত কেরিয়ার পাওয়া যাবে, কোথায় ভর্তি হবে? CCPTR, Maulana Abul Kalam Azad University of Technology (MAKAUT), গুরুকুল এর যৌথ উদ্যোগে সায়েন্স (Bio / Pue) / ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছাত্রছাত্রীদের জন্য শুরু করেছে কর্মসংস্থানমুখী কোর্স বি.এসসি এগ্রিকালচার বায়োটেকনোলজি ডিগ্রি কোর্স। ভারতবর্ষের অর্থনীতি ও সমস্ত ক্ষেত্রের মুখ্য স্তম্ভ হল কৃষি ও বায়োটেকনোলজি। ভারতবর্ষের ৭০% এমপ্লয়মেন্ট কৃষি ও বায়োটেকনোলজি কেন্দ্রীক। আর বর্তমান কৃষি ও বায়োটেকনোলজি কেন্দ্রীয় ও রাজ্য সরকারের প্রধান লক্ষ্য। আর তার জন্য আগামী কয়েক বছরে প্রয়োজন হাজার-হাজার সুদক্ষ প্রফেশনালদের। এই কোর্স করে তাই সহজেই শিক্ষার্থী চাকুরির সুযোগ পেতে পারে সরকারি ও বেসরকারি কৃষি ও বায়োটেকনোলজি সংস্থা, ব্যাঙ্ক, মাল্টিন্যাশনাল সার, সীড, পেস্টি সাইড সংস্থা, রিসার্চ ল্যাবে ম্যানেজার, অ্যানালিস্ট, প্রোডাক্ট রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অফিসার বা সুপারভাইজর এবং অন্যান্য নানা পদে।

**বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় এর প্রাক্তন ডিন Prof. R. K. Ghosh ও IAS অফিসার ও প্রাক্তন মুখ্যসচিব শ্রী রায় জানালেন, 'Agriculture Biotechnology' সেক্টরে কাজ জানা প্রশিক্ষিতদের বিপুল চাহিদা সরকারি ও বেসরকারি এবং বৈদিশিক মাল্টি ন্যাশনাল সংস্থায়। এদের চাকুরি খুঁজতে হয় না, চাকুরি এদের খুঁজে নেয়।**

গুরুকুলের কলকাতা ক্যাম্পাসে থাকছে ভারতের প্রথিতযশা অভিজ্ঞ অধ্যাপকদের অধীনে শিক্ষার সুযোগ, রয়েছে সংস্থার নিজস্ব অত্যাধুনিক ফার্ম, অত্যাধুনিক বায়োটেকনোলজি ও জেনেটিক্সের ল্যাব। কোর্সের প্রথম থেকেই ক্যাম্পাসে থিওরি ও প্র্যাক্টিক্যালের সঙ্গে সঙ্গে এগ্রিকালচার ও বায়োটেকনোলজি সম্পর্কিত শিল্পক্ষেত্রে হাতে-কলমে প্রশিক্ষণের মাধ্যমে ছাত্রছাত্রীদের জব রেডি করে তোলে। রয়েছে নিখরচায় সফট স্কিল, স্পোকেন ইংলিশ ও ইন্টারভিউ সেশন। তাই ক্লাস ১২ পাশ ছাত্রছাত্রীরা সীমিত আসনে ভরতির জন্য এখনই যোগাযোগ করুন নিচের ঠিকানায়-

**Gurukul Edutech Education & Research Foundation**

Langalberia, LASKUS Campus, Kolkata ( near Narendrapur Ramkrishna Mission)

ফোন : 9804720425, 7059918186, 9051352337, www.gurukulinstitute.org.in


রাজ্য ও কেন্দ্রীয় সরকারের সিভিল সার্ভিস পরীক্ষায় গত ২ বছরে চাকরি পাওয়া আধিকারিকদের পরীক্ষা প্রস্তুতি, টিপস, স্টাডি মেটেরিয়াল, পরীক্ষা হলের স্ট্র্যাটেজি সহ একগুচ্ছ প্রতিবেদন নিয়ে বেরোল

**Appointment & Career News**

WBCS / IAS পাশ করতে গেলে লাগবেই...

যোগাযোগ করুন : 9830624170

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের পর কোথায় কী সরকারি চাকরি

৬ পাতার পর

সরকারি কর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। বাংলা ভাষায় লিখতে, বলতে ও পড়তে জানা দরকার। ভালো স্বাস্থ্য ও গ্রামীণ এলাকায় ঘোরাঘুরির কাজে আগ্রহী থাকতে হবে। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৬০০ টাকা। শুরুতে ৩ বছরের প্রবেশন। তখন বেসিক পে'র সঙ্গে গ্রেড পে পাবেন। এছাড়াও বার্ষিক ৩% ইনক্রিমেন্ট ও ডাক্তারি ভাতা পাবেন।

প্রার্থী বাছাই করে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন। 'সাব-ইন্সপেক্টর অফ ফুড রিক্রুটমেন্ট' পরীক্ষার মাধ্যমে। এজন্য প্রথমে লিখিত পরীক্ষা হয়, পশ্চিমবঙ্গের বিভিন্ন কেন্দ্রে। ১০০ নম্বরের দেড় ঘন্টার পরীক্ষায় থাকবে এই দু'টি বিষয় : (ক) জেনারেল স্টাডিজ - ৫০ নম্বর, (খ) অ্যারিথমেটিক - ৫০ নম্বর। মোট ১৫০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে। এর মধ্যে জেনারেল স্টাডিজ বিষয়ে ১০০টি প্রশ্ন হবে ও প্রতি প্রশ্নে থাকবে ০.৫ নম্বর। অ্যারিথমেটিক বিষয়ে থাকবে ৫০টি প্রশ্ন ও প্রতি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং থাকবে। অ্যারিথমেটিক বিষয়ে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা হবে ও জেনারেল স্টাডিজ বিষয়ে প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.১২৫ নম্বর কাটা হবে। অ্যারিথমেটিকের প্রশ্ন হবে মাধ্যমিকের সিলেবাস অনুযায়ী। জেনারেল স্টাডিজ বিষয়ে থাকবে দৈনন্দিন বিজ্ঞান, সাম্প্রতিক ঘটনা ও তার সমাধান, ভারতীয় ইতিহাস ও ভারতীয় ভূগোলের এলিমেন্টারি জ্ঞান ইত্যাদি। এরপর ২০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট।

বিজ্ঞপ্তি বেরোলে দরখাস্ত করতে পারবেন ৩ ভাবে : (১) সরাসরি অনলাইনে, (২) তথ্য মিত্র কেন্দ্রের মাধ্যমে, (৩) অফলাইনে। বিজ্ঞপ্তি বেরোলে বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.wbpsc.gov.in

## রাজ্য সরকারে অ্যাসিস্ট্যান্ট ও ফার্মাসিস্ট

রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে গ্রুপ-ডি ও গ্রুপ-সি পদে এবার থেকে নিয়োগ করা হবে 'পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনে'র মাধ্যমে। এই কমিশনের মাধ্যমে এই প্রথম দরখাস্ত নেওয়া হচ্ছে। নেওয়া হবে এইসব পদে : (১) ভেটেরিনারি ফার্মাসিস্ট / ফার্মাসিস্ট কাম ড্রেসার। (২) লাইফস্টক ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট। (৩) সার্ভেয়র। কারা কোন পদের জন্য যোগ্য:

**লাইভস্টক ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট** : মাধ্যমিক পাশরা পশ্চিমবঙ্গ পশুচিকিৎসা শিক্ষা পর্ষদ বা, সমতুল পশু চিকিৎসা শিক্ষা পর্ষদ থেকে প্রাণী সম্পদ বিকাশ প্রশিক্ষণের ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শারীরিকভাবে সুস্থ থাকতে হবে। কঠোর পরিশ্রমী ও সাইকেল চালাতে জানতে হবে। বাংলা ভাষায় জ্ঞান থাকতে হবে। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৬০০ টাকা।

**ভেটেরিনারি ফার্মাসিস্ট /ফার্মাসিস্ট কাম ড্রেসার** : বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা পশ্চিমবঙ্গ পশুচিকিৎসা শিক্ষা পর্ষদ বা, সমতুল পশু চিকিৎসা শিক্ষা পর্ষদ থেকে ভেটেরিনারি ফার্মাসির ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বাংলা ভাষায় জ্ঞান থাকতে হবে। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,২০০ টাকা।

**সার্ভেয়র** : মাধ্যমিক পাশরা ব্যান্ডেলের বেঙ্গল সার্ভে ইনস্টিটিউট থেকে সিনিয়র সার্ভেয়রশিপ সার্টিফিকেট বা, আই.টি.আই. থেকে সার্ভেয়রশিপের ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। সার্ভের কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বাংলা ভাষায় জ্ঞান থাকতে হবে। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৬০০ টাকা।

প্রার্থী বাছাই করে 'West Bengal Public Service Commission'এর মাধ্যমে। প্রথমে লিখিত পরীক্ষা হয়। এই পরীক্ষায় থাকবে এই ২টি পার্ট। প্রথম পার্টে ডেসক্রিপ্টিভ টাইপের ৫০ নম্বরের ৪৫ মিনিটের পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) রিডিং / কম্প্রিহেনশন - ১৫ নম্বর, (২) জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স - ১০ নম্বর, (৩) টেস্ট অফ রিজিনিং / অ্যাপ্টিটিউট - ১০ নম্বর, (৪) নিউমেরিক্যাল এবিলিটি / অ্যারিথমেটিক - ১৫ নম্বর। প্রশ্ন হবে মাধ্যমিক মানের। দ্বিতীয় পার্টে থাকবে বিষয়ভিত্তিক ৫০ নম্বরের ৪৫ মিনিটের পরীক্ষা। দরখাস্ত করবেন অনলাইনে কিংবা অফলাইনে। অনলাইনে দরখাস্ত করবেন এই ওয়েবসাইটে :www.wbpsc.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও দরখাস্ত করার আগে ফটো ও সিগনেচার স্ক্যান করে নিয়ে যাবেন।

## রাজ্য সরকারে কৃষি প্রযুক্তি সহায়ক ও ভূমি সহায়ক

পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন জেলা অফিস ও রিজিওন্যাল অফিসের বিভিন্ন দপ্তরে কাজের জন্য 'ভূমি সহায়ক', 'আমিন', 'ড্রাফটসম্যান', 'কৃষি প্রযুক্তি সহায়ক' ও 'ভেটেরিনারি ফার্মাসিস্ট' পদে ছেলেমেয়ে নেওয়া হয়। কারা কোন পদের জন্য যোগ্য:

**ভূমি সহায়ক** : মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বাংলা ভাষায় লিখতে ও পড়তে জানায় দক্ষতা থাকতে হবে। মাইনে ওপরের মতো।

**আমিন** : মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। কম্পিউটার চালানোর কাজে প্রাথমিক পর্যায়ে জ্ঞান থাকতে হবে। কোনো নামী সংস্থা থেকে অন্তত ৬ মাস মেয়াদের জন্য কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি ও বাংলা টাইপিংয়ে মিনিটে অন্তত ২৫টি শব্দ তোলার গতি থাকতে হবে। মাইনে ওপরের মতো।

**ড্রাফটসম্যান** : মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। পশ্চিমবঙ্গ সার্ভে ইনস্টিটিউট থেকে সিনিয়র সার্ভেয়রশিপ সার্টিফিকেট বা, আই.টি.আই. থেকে সার্ভেয়রশিপ সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। সার্ভের কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মূল মাইনে : ৭,১০০-৩৭,৫০০ টাকা ও গ্রেড পে ৩,৬০০ টাকা।

**কৃষি প্রযুক্তি সহায়ক** : উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৯০০ টাকা।

**ভেটেরিনারি ফার্মাসিস্ট / ফার্মাসিস্ট কাম ড্রেসার** : বায়োলজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ভেটেরিনারি ফার্মাসির ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ কিংবা ভেটেরিনারি ফার্মাসির ডিপ্লোমা (In service abridged -Condensed) কোর্স পাশ হতে হবে। মূল মাইনে : ৭,১০০-৩৭,৫০০ টাকা ও গ্রেড পে ৩,২০০ টাকা।

ভূমি সহায়ক, আমিন ও কৃষি প্রযুক্তি সহায়ক পদের বেলায় চাকরি হবে 'সি' গ্রুপে। এক্ষেত্রে বয়স হতে হবে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে। ড্রাফটসম্যান ও ভেটেরিনারি ফার্মাসিস্ট পদের বেলায় চাকরি হবে 'বি' গ্রুপে। এক্ষেত্রে বয়স হতে হবে ১৮ থেকে ৪২ বছরের মধ্যে। শুরুতে ৩ বছর প্রবেশনে থাকতে হবে। তখন বেসিক পে ও গ্রেড পে পাবেন। এছাড়াও বছরে ৩% হারে ইনক্রিমেন্ট পাবেন ও ডাক্তারি ভাতা পাবেন। সব পদই তপশিলীদের জন্য সংরক্ষিত।

প্রার্থী বাছাই করে 'West Bengal Public Service Commission'. ভূমি সহায়ক, আমিন, ড্রাফটসম্যান পদের বেলায় প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে লিখিত পরীক্ষা হয় দু'টি পার্টে। প্রথম পার্টে ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। এইসব বিষয়ে : (১) ইংরিজি - ৩০ নম্বর, (২) জেনারেল স্টাডিজ - ৪০ নম্বর, (৩) অ্যারিথমেটিক - ৩০ নম্বর। সময় থাকবে দেড় ঘন্টা।

দ্বিতীয় পার্টে থাকে দু'টি গ্রুপ। প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। প্রথম গ্রুপে থাকে ইংরিজি বিষয় ও দ্বিতীয় গ্রুপে থাকে বাংলা / হিন্দি / উর্দু / নেপালী বিষয়। প্রতিটি গ্রুপে থাকবে ৫০ নম্বর। সময় থাকে মোট ১ ঘন্টা। প্রথমে পার্ট-I'এর উত্তরপত্র দেখা হবে। পার্ট-I'এ নির্দিষ্ট কোয়ালিফাইং নম্বর পেলে তবেই পার্ট-II'র উত্তরপত্র দেখা হবে। চূড়ান্ত মেধা তালিকা তৈরির সময় উভয় পার্টে পাওয়া নম্বর দেখা হবে।

কৃষি প্রযুক্তি সহায়ক ও ভেটেরিনারি ফার্মাসিস্ট পদের বেলায় প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে।

দরখাস্ত করবেন অনলাইনে এই ওয়েবসাইটে : www.wbpsc.gov.in

## কলকাতা হাই কোর্টে চাকরি

কলকাতা হাইকোর্টের অরিজিন্যাল সাইড ও রাজ্যের জেলা জাজেস কোর্টে এইস পদে লোক নেওয়া হয়:

**লোয়ার ডিভিশন ক্লার্ক** : মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার ট্রেনিংয়ের সার্টিফিকেট কোর্স পাশ হতে হয় ও কম্পিউটার চালনায় (কম্পিউটার অপারেশন) যথার্থ টাইপিং স্পীড (ফিঙ্গারিং স্পীড) থাকতে হয়। ইংরিজি টাইপ রাইটিংয়ে দক্ষতা থাকলে অগ্রাধিকার পাওয়া যায়। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা। চাকরি হয় 'সি' গ্রেডে।

**ইংলিশ টাইপিস্ট /কপিয়িস্ট** : মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার ট্রেনিংয়ের সার্টিফিকেট কোর্স পাশ হতে হয় ও কম্পিউটার চালনায় (কম্পিউটার অপারেশন) যথার্থ টাইপিং স্পীড (ফিঙ্গারিং স্পীড) থাকতে হয়। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা।

**বেঙ্গলী টাইপিস্ট /কপিয়িস্ট** : মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা বাংলা টাইপিংয়ে মিনিটে অন্তত ২০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার ট্রেনিংয়ের সার্টিফিকেট কোর্স পাশ হতে হয় ও কম্পিউটার চালনায় (কম্পিউটার অপারেশন) যথার্থ টাইপিং স্পীড (ফিঙ্গারিং স্পীড) থাকতে হয়। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা।

**বেঙ্গলী ট্রান্সলেটর** : ইংরিজির অনার্স গ্র্যাজুয়েটরা বাংলা থেকে ইংরিজিতে অনুবাদ করায় দক্ষতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হয় ১৮ থেকে ৪২ বছরের মধ্যে। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৪,৪০০ টাকা। চাকরি হয় 'বি' গ্রুপে।

**ইংলিশ স্টেনোগ্রাফার** : মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ইংরিজি টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে অন্তত যথাক্রমে ৩০টি ও ৮০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার ট্রেনিংয়ের সার্টিফিকেট কোর্স পাশ হতে হয় ও কম্পিউটার চালনায় (কম্পিউটার অপারেশন) যথার্থ টাইপিং স্পীড (ফিঙ্গারিং স্পীড) থাকতে হয়। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৯০০ টাকা। চাকরি হয় 'বি' গ্রেডে।

**বেঙ্গলী স্টেনোগ্রাফার (বেসিক গ্রেড)** : মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা বাংলা টাইপিং ও শর্টহ্যান্ডে মিনিটে অন্তত যথাক্রমে ২০টি ও ৬০টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। কোনো স্বীকৃত কম্পিউটার ট্রেনিং ইন্সটিটিউট থেকে কম্পিউটার সার্টিফিকেট কোর্স পাশ হতে হয় ও কম্পিউটার টাইপিংয়ে যথার্থ টাইপিং স্পীড থাকতে হয়। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৯০০ টাকা। চাকরি হয় 'বি' গ্রেডে।

**প্রসেস সার্ভার** : ক্লাস এইট পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৮০০ টাকা। চাকরি হয় 'ডি' গ্রুপে।

**পিওন / অফিস পিওন** : কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ক্লাস এইট পাশ ছেলেরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৭০০ টাকা। চাকরি হয় 'ডি' গ্রুপে।

**সুমন বেইলিফ** : কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ক্লাস এইট পাশ ছেলেরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৩০০ টাকা। চাকরি হয় 'ডি' গ্রুপে।

**দফতরি (বুক বাইন্ডার)** : কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ক্লাস এইট পাশ ছেলেরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৮০০ টাকা। চাকরি হয় 'ডি' গ্রুপে।

**বেইলিফ /সিল বেইলিফ** : কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ক্লাস এইট পাশ ছেলেরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৭০০ টাকা। চাকরি হয় 'ডি' গ্রুপে।

**নাইট গার্ড** : কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ক্লাস এইট পাশ ছেলেরা আবেদন করতে পারেন। ভালো স্বাস্থ্য, শারীরিকভাবে সক্ষম ও রোগমুক্ত থাকতে হয়। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৭০০ টাকা। চাকরি হয় 'ডি' গ্রুপে।

**ফরাশ** : কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ক্লাস এইট পাশ ছেলেরা আবেদন করতে পারেন। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৭০০ টাকা। চাকরি হয় 'ডি' গ্রুপে।

**সুইপার** : কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ক্লাস এইট পাশ ছেলেরা আবেদন করতে পারেন। বাংলা ভাষায় লিখতে ও পড়তে জানা দরকার। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৭০০ টাকা। চাকরি হয় 'ডি' গ্রুপে।

ইংরিজি স্টেনোগ্রাফার পদের বেলায় বয়স হতে হয় ১৮ থেকে ৩৭ বছরের মধ্যে। বেঙ্গলী স্টেনোগ্রাফার পদের বেলায় বয়স হতে হয় ১৮ থেকে ৩২ বছরের মধ্যে। আর অন্যান্য সব পদের বেলায় বয়স হতে হয় ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ৮ বছর বয়সে ছাড় পান।

**'লোয়ার ডিভিশন ক্লার্ক' ও 'ক্লার্ক কাম টাইপিস্ট'** পদের বেলায় প্রার্থী বাছাইয়ের লিখিত পরীক্ষা হয় ২টি পার্টে। প্রথম পার্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : ইংরিজি, জেনারেল স্টাডিজ, অ্যারিথমেটিক। সময় থাকে দেড় ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। দ্বিতীয় পার্টে থাকে দু'টি গ্রুপ : গ্রুপ-এ - ইংলিশ, গ্রুপ-বি - বাংলা। প্রশ্ন হয় ডেসক্রিপ্টিভ টাইপের। প্রতিটি গ্রুপে থাকে ৫০ নম্বর। সময় থাকে মোট ১ ঘন্টা। দ্বিতীয় পার্টে ন্যূনতম কোয়ালিফাইং নম্বর পেলে মোট শূন্যপদের কয়েক গুণ প্রার্থীকে ১০ নম্বরের পার্সোন্যালিটি টেস্টে ডাকা হয়। চূড়ান্ত তালিকা তৈরির সময় দ্বিতীয় পার্টে পাওয়া নম্বর ও পার্সোন্যালিটি টেস্টে পাওয়া নম্বর দেখা হয়।

### ইংলিশ টাইপিস্ট, টাইপিস্ট, টাইপিস্ট-কাম কপিয়িস্ট, টাইপিস্ট /কপিয়িস্ট /ম্যাপিস্ট

এইসব পদের বেলায় পরীক্ষা হয় এই দু'টি পর্যায়ে : (১) প্রিলিমিনারি পরীক্ষা (অবজেক্টিভ টাইপ), (২) মেন পরীক্ষা (টাইপ টেস্ট)। প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে এই ২টি বিষয় : (১) জেনারেল ইংলিশ -৩০ নম্বর, (২) কারেন্ট অ্যাফেয়ার্স - ২০ নম্বর। সময় ১ ঘন্টা। সফল হলে মেন পরীক্ষা (টাইপ টেস্ট)। এই টেস্টে হাতে লেখা ইংরিজি প্যাসেজ দেখে ১৫ মিনিটে ৪৫০ টি শব্দ টাইপ করতে হয়। ৫% ভুল বিবেচনা করা হয়। প্রিলি. ও মেন পরীক্ষায় কোয়ালিফাইং নম্বর পেতে হয়। মেন পরীক্ষায় পাওয়া নম্বর দেখে ১০ নম্বরের পার্সোন্যালিটি টেস্টে ডাকা হয়। তখন টাইপ রাইটিং ও কম্পিউটার চালনার দক্ষতা দেখা হয়।

**গ্রুপ-ডি** (সুইপার /মালি ছাড়া) পদের বেলায় প্রার্থী বাছাই হয় লিখিত পরীক্ষার মাধ্যমে। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট। 'সুইপার' ও 'মালি' পদের বেলায় প্রার্থী বাছাই হয় ইন্টারভিউয়ের মাধ্যমে।

**'বেঙ্গলী স্টেনোগ্রাফার'** পদের বেলায় প্রথম পেপারে বাংলা বিষয়ে ১০০ নম্বরের দেড় ঘন্টার পরীক্ষা হয়। এই পরীক্ষায় থাকে ইংরিজি থেকে বাংলায় অনুবাদ, প্রোজ প্যাসেজ ও ব্যাকরণ। দ্বিতীয় পেপারে ১০০ নম্বরের বাংলা টাইপিংয়ের পরীক্ষা। তৃতীয় পেপারে বাংলা প্যাসেজ দেখে ৪০০ নম্বরের শর্টহ্যান্ড ও ট্রান্সক্রিপশন (বাংলা) টেস্ট। এরপর হয় পার্সোন্যালিটি টেস্ট। এই টেস্টে কম্পিউটার চালনায় দক্ষতা দেখা হয়। 'ইংলিশ স্টেনোগ্রাফার' পদের বেলায় প্রথম পেপারে ৪০০ নম্বরের ডিকটেশন ও ট্রান্সক্রিপশন টেস্ট হয়। দ্বিতীয় পেপারে ১০০ নম্বরের পরীক্ষা হয় জেনারেল ইংলিশ বিষয়ে। এই পার্টে বানান, শব্দের সঠিক ব্যবহার, বাক্য সংশোধন, কমন ফ্রেজের ব্যবহার, সমার্থক শব্দ, বিপরীতার্থক শব্দ, পাংচুয়েশন। সময় দেড় ঘন্টা। তৃতীয় পেপারে টাইপ রাইটার মেশিনে ১০০ নম্বরের পরীক্ষা হয়। হাতে লেখা ম্যাটার দেখে ১০ মিনিটের এই টেস্ট হয়। এরপর হয় পার্সোন্যালিটি টেস্ট। এই টেস্টে কম্পিউটার চালনায় দক্ষতা দেখা হয়।

ড্রাইভার পদের বেলায় লিখিত পরীক্ষা, স্কিল টেস্ট ও পার্সোন্যালিটি টেস্ট হয়।

বেঙ্গলী টাইপিস্ট পদের বেলায় পরীক্ষা হয় দু'টি পর্যায়ে : (১) প্রিলিমিনারি পরীক্ষা (অবজেক্টিভ টাইপ), (২) মেন পরীক্ষা (টাইপ টেস্ট)। প্রিলিমিনারি পরীক্ষায় থাকে এই ২টি বিষয় : (১) জেনারেল ইংলিশ - ৩০ নম্বর, (২) কারেন্ট অ্যাফেয়ার্স - ২০ নম্বর। সময় ১ ঘন্টা। সফল হলে মেন পরীক্ষা (টাইপ টেস্ট)। এই টেস্টে হাতে লেখা বাংলা প্যাসেজ দেখে ১৫ মিনিটে ৩০০টি শব্দ টাইপ করতে হয়। ৫% ভুল বিবেচনা করা হয়। প্রিলি. ও মেন পরীক্ষায় কোয়ালিফাইং নম্বর পেতে হয়। মেন পরীক্ষায় পাওয়া নম্বর দেখে ১০ নম্বরের পার্সোন্যালিটি টেস্টে ডাকা হয়। তখন কম্পিউটার চালনার দক্ষতা দেখা হয়। কলকাতা হাই কোর্টে ও জেলা জাজেস কোর্টের ওইসব পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.calcuttahighcourt.nlc.in

## কলকাতা পুর নিগমে চাকরি

**জুনিয়র অ্যাসিস্ট্যান্ট** : যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকলে ভালো হয়। বয়স দরকার ১৮ থেকে ৪০ বছরের মধ্যে।। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা (৪০%'এর বেশি হলে) যথারীতি বয়সে ছাড় পান।

এরপর ১৮ পাতায়

# DR K R ADHIKARY
## COLLEGE OF OPTOMETRY & PARAMEDICAL TECHNOLOGY

ISO 9001 : 2015 Certified & ISO 29990:2010 Certified

**Admission going on**

**Established at 2003 with Affiliation to**
## UNIVERSITY OF KALYANI

All Courses are Job Oriented and Self Employed
## PROFESSIONAL COURSES

**1 Year** A.D.C.L.P. (Advance Diploma in Contact Lens Practice) Eligibility : Bachelor or Diploma in Optometry

**2 Years + 6 Months Internship**


Eligibility : H.S. (10 + 2 Science) Other than Science Students compulsory One year Pre-Optometry and Pre-Technology (Bridge Course)

- D.O.S. & O.T. (Diploma in Optometrical Science and Ophthalmic Technique)
- D.E.C.G. & P.F.T. (Diploma in Electrocardiography and Pulmonary Function Test)
- D.P.A & E.D. (Diploma in Physician Assistant and Essential Drug)
- D.D.T. & O.H. (Diploma in Dental Technology and Oral Hygiene)
- D.M.L.T. (Diploma in Medical Laboratory Technique)
- D.M.R.T. (Diploma in Medical Radiology Technique)
- D.P.T. (Diploma in Physiotherapy Technique)

**1 Year + 6 Months Internship**

- C.C.M.S. & E.D. (Certificate in Community Medical Service and Essential Drug)
- C.S.I. (Certificate in Sanitary Inspection)
- C.B.P.N. (Certificate in Basic Practical Nursing)

Eligibility Madhyamik



20 Years of Excellence in Paramedical Education

**Kalyani WEBEL IT PARK, Phase-II** (Government of West Bengal)

Kalyani-Barrackpore Express Way, Opposite to Water Treatment Plant, Near Buddha Park, Kalyani, Nadia Website : www.kradikarycollege.org

**Full AC Campus**

For Admission Contact: **9339218894, 9477425536, 8100149510**

# DR. K.R. ADHIKARY
## INSTITUTE OF VOCATIONAL EDUCATION & RESEARCH

ISO 9001 : 2015 Certified & ISO 29990:2010 Certified

Industrial & Training Partner of

## INDIRA GANDHI TECHNOLOGICAL & MEDICAL SCIENCES UNIVERSITY

Estd. Under the IGTAMSU Act 2011 Govt. of Arunachal Pradesh & Recognised by UGC MHRD, Govt. Of India www.igtamsu.ac.in/courses

**Bachelor of Vocation (B.Voc) & Master of Vocation (M.Voc) in** Eligibility : HS pass



Prof. Dr. Tapan Kumar Adhikary

- O.T. Technology- 3 Yrs
- Dialysis Technology- 3 Yrs
- Sanitary Inspector- 3 Yrs
- Cardiac Technology- 3 Yrs
- Optometry- 4 Yrs 6 Months
- Dietary Nutrition- 3 Yrs
- Laboratory Technology- 3 Yrs
- Radiology & Imaging Technology- 3 Yrs
- Physiotherapy- 4 Yrs 6 Months
- Dental Technology & Hygiene- 3 Yrs
- Hospital & Health Care Administration- 3 Yrs
- Geriatric Care- 3 Yrs
- Yoga & Naturopathy- 3 Yrs



**Diploma Programmes**

- Practical Nursing (DPN)
- Medical Transcription (DMT)
- Basic Physiotherapy (DBP)
- Radiology Assistantship (DRA)
- Community Health Service (DCHS)

Duration : 1 yr + 3 months Intern, Eligibility : 10th pass





**Certificate Programmes :** • Vision Technology (CVT), Duration 1 yr + 3 months Intern, Eligibility : 10th Pass
• General Duty Attendant (CGDA) • Basic Physiotherapy (CBP) • Radiography Assistantship (CRA)
• Electrocardiography (CECG) • Yoga and Exercise (CYE) • Phlebotomy (CP) Duration : 6 months, Eligibility : 8th Pass

**Kalyani WEBEL IT PARK, Phase-II** (Government of West Bengal)

Kalyani-Barrackpore Express Way, Opposite to Water Treatment Plant, Near Buddha Park, Kalyani, Nadia Website : www.kradikarycollege.org

For Admission Contact: **9339218894, 8100149510, 9477425536**

**Mindmine**
Institute For Skill Training
Regd. Society under Govt. Of W.B ( Group Estd.1998 ), Kolkata

উচ্চমাধ্যমিক পাশের পরে সেরা কোর্স

UGC Approved University থেকে
কম খরচে বিভিন্ন কোর্স করে প্রতিষ্ঠিত হওয়ার সুযোগ

PARAMEDICAL / NURSING
- Lab Technology ( DMLT / BMLT )
- Physiotherapy ( BPT )
- Human Nutrition
- X-Ray (CT-SCAN,MRI)
- Orthopedics & Dresser
- Dialysis Technician
- Public Health Assistant
- O.T Technician / ECG
- Optometry
- Cardiac Care Technology
- Nursing ( GNM / B.Sc )



COMPUTER / IT COURSES
- Multimedia / Web Design
- Computer Application ( BCA / BSC-IT / PGDCA )
- Hardware & Networking (Laptop / Printer - Chip Level )

DESIGN & DECORATION
- Fashion / Jewellary Design
- Interior Decoration

MANAGEMENT & PROFESSIONAL
Office & Accounts / Retail / Digital Mkt. / Hospital
Share Trading & Insurance / Logistic & Cargo /
Journalism & Mass Comm. / Travel & Tourism

ফার্মেসি ( D/B Pharmacy )

➢ Get job facility ( Salary upto 50,000/- P.M)*
➢ বয়স সীমা - ১৭ হইতে ৩০
➢ Hostel facility ( Boys & Girls )
*T & C APPLY

Contact Us : মৌলালী @7595077657 • ঠাকুরপুকুর @7595077656


## বায়ুসেনায় অগ্নিবীরবায়ু

১ পাতার পর

অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন।

পলিটেকনিক বা, স্বীকৃত ইনস্টিটিউট থেকে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, অটোমোবাইল, কম্পিউটার সায়েন্স, ইন্সট্রুমেন্টেশন টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজির ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলেও আবেদন করতে পারেন। তবে তাঁদের বেলায় মাধ্যমিক/ উচ্চমাধ্যমিক/ ডিপ্লোমা কোর্সে ইংরিজিতে অন্তত ৫০% নম্বর থাকতে হবে।

ইংরিজি ও অঙ্ক বিষয় নিয়ে ২ বছরের ভোকেশনাল কোর্স পাশরা মোট অন্তত ৫০% ও ইংরিজিতে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য।

**সায়েন্স ছাড়া অন্য শাখার প্রার্থীদের জন্য :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর আর ইংরিজি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ইংরিজি বিষয় নিয়ে ভোকেশনাল কোর্স পাশরা মোট অন্তত ৫০% ও ইংরিজিতে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য।

সব ক্ষেত্রেই জন্ম-তারিখ হতে হবে ২৯-১২-১৯৯৯ থেকে ২৯-৬-২০০৫'র মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫২.৫ সেমি। বুকের ছাতি ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা দরকার। ওজন হতে হবে উচ্চতা ও বয়সের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। সব ক্ষেত্রে দৃষ্টিশক্তি হতে হবে বায়ুসেনার নিয়মানুযায়ী। ৬ মিটার দূর থেকে ফিসফিস শব্দ শোনায় দক্ষতা থাকতে হবে। এছাড়া ভালো দাঁতের পাটি ও ত্রুটিহীন স্বাস্থ্য দরকার। ফিটের অসুখ, সাইকিয়াট্রিক যন্ত্রণা থাকলে আবেদন করবেন না। মোট ৪ বছরের চাকরি। চাকরি হবে চুক্তিতে। শুরুতে ৬ মাসের ট্রেনিং। ট্রেনিং চলার সময় স্টাইপেন্ড পাবেন।

প্রথম বছর মাইনে পাবেন মাসে ৩০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২১,০০০ টাকা। বাকি ৯,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

দ্বিতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৩,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৩,১০০ টাকা। বাকি ৯,৯০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা

এরপর ২০ পাতায়

## সেনাবাহিনীতে অগ্নিবীর

১ পাতার পর

ডিউটি), অগ্নিবীর (টেকনিক্যাল), অগ্নিবীর (টেকনিক্যাল) (অ্যাভিয়েশন অ্যান্ড অ্যামিউনিশন), অগ্নিবীর ক্লার্ক /স্টোরকীপার (টেকনিক্যাল), অগ্নিবীর (ট্রেডসম্যান)। কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, ওজন, শরীরের মাপজোখ থাকতে হবে তা দেওয়া হল :

**অগ্নিবীর (জেনারেল ডিউটি) :** মোট অন্তত ৪৫% নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৩৩% (অতিরিক্ত বিষয় ছাড়া) নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ কেজি।

**অগ্নিবীর (টেকনিক্যাল) :** ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর প্রতিটি বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ (তপশিলী উপজাতি হলে ৪৮) কেজি।

**অগ্নিবীর টেকনিক্যাল (অ্যাভিয়েশন / অ্যামিউনিশন এক্সামিনার) :** ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর প্রতিটি বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ (তপশিলী উপজাতি হলে ৪৮) কেজি।

**অগ্নিবীর ক্লার্ক / স্টোরকীপার টেকনিক্যাল :** আর্টস, সায়েন্স ও কমার্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর ও উচ্চমাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য। তবে উচ্চমাধ্যমিকে ইংরিজি ও অঙ্ক / অ্যাকাউন্ট্যান্সি / বুক কীপিং বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২ সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮২ সেমি ও না ফুলিয়ে ৭৭ সেমি আর ওজন হতে হবে অন্তত ৫০ কেজি।

**অগ্নিবীর ট্রেডসম্যান :** মাধ্যমিক পাশ ছেলেরা মাধ্যমিকের প্রতিটি বিষয়ে ৩৩% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮১ সেমি ও না ফুলিয়ে ৭৬ সেমি আর ওজন অন্তত ৪৮ কেজি।

**অগ্নিবীর ট্রেডসম্যান :** ক্লাস এইট পাশরা প্রতিটি বিষয়ে ৩৩% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে সাড়ে ১৭ থেকে ২৩ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬৯ (তপশিলী উপজাতিদের বেলায় ১৬২) সেমি, বুকের ছাতি ফুলিয়ে ৮১ সেমি ও না ফুলিয়ে ৭৬ সেমি আর ওজন অন্তত ৪৮ কেজি। সব ক্ষেত্রে

এরপর ২০ পাতায়


Estd : 2006
**FINE ডিফেন্স একাডেমি**

"দেশ সেবার সুবর্ণ সুযোগ"

পুলিসের চাকরির প্রস্তুতির সেরা প্রতিষ্ঠান
নিম্ন মধ্যবিত্তের সাধ্যের মধ্যে !

WBP কনস্টেবল ।। সাব ইন্সপেক্টর ।। কলকাতা পুলিশ ।। সেনাবাহিনী ।। অগ্নিপথ

OUR COURSES
- SLST Subject
- PT / TET
- Primary Tet
- NET / SET 1st Paper
- NET / SET Subject
- General Combined
- ANM / GNM Entrance
- PSC
- Group D
- Spoken English

অফলাইন ও অনলাইন ব্যাচ
মাসিক বেতনের সুবিধা

কেন্দ্রীয় সরকারের ১০লক্ষ শূন্যপদে নিয়োগের ঘোষনা
প্রস্তুতি নিতে যাগাযোগ করুন

বারাসাত, বেলঘরিয়া, ঘাটাল (গৌরা), সোনারপুর

9433823080 / 9433823090 / 033-2544-3090


Follow Us On - www.fineeducation.in

# ভর্তি চলিতেছে

## SWAMI VIVEKANANDA UNIVERSITY

EXCELLENCE | INNOVATION | ENTREPRENEURSHIP

www.swamivivekanandauniversity.ac.in




**COURSES OFFERED**

DIPLOMA / B.TECH / PH.D
M.TECH / AGRICULTURE
HOSPITAL MANAGEMENT
BBA / BCA / MBA / MCA
PSYCHOLOGY / OPTOMETRY
PHYSIOTHERAPY / NUTRITION

## SWAMI VIVEKANANDA GROUP OF INSTITUTES

17 Institutes, 25000+ Students, 30000+ Alumni, 800+ Faculty, 45 Different Courses

**SONARPUR - 9831084446**
**BARUIPUR - 9434360673**









APPROVED BY AICTE | AFFILIATED TO MAKAUT AND WBSCTE | NAAC ACCREDITED

### OUR COURSES

**POLYTECHNIC DIPLOMA**
CIVIL, ME, EE, ETCE, CST, CSE, ARCHITECTURE

**B. TECH**
CE, ME, EE, EEE, ECE, CSE

**BTTM** Management Travel & Tourism,

**BCA** | **BBA** | **MCA** | **MBA** Marketing, HR, Systems Finance,

**B. SC**
Biotechnology (Hons.), Microbiology (Hons.), Media Science, Hotel & Hospitality Management

**M. SC**
Computer Science, Media Science, Biotechnology,

**REGENT EDUCATION & RESEARCH FOUNDATION**

www.rerf.in



TATA | Cognizant | WIPRO | HCL | GENPACT | IBM | Tech Mahindra | Infosys | RASHMI GROUP | amazon | VIDEOCON | Mindtree | accenture

## ITI

Industrial Training Institute

**সময়সীমা ঃ ২ বৎসর**
**ন্যূনতম যোগ্যতা ঃ মাধ্যমিক পাশ**
অনলাইন ও অফলাইন দুইভাবেই ভর্তি চলিতেছে

Skill India



**আমাদের কোর্স গুলি**

| | | | |
|---|---|---|---|
| | কোপা | প্লাম্বার | সার্ভেওর |
| ইলেকট্রনিক মেকানিক | ওয়েল্ডার | ফিটার | ড্রেস মেকিং |
| ড্রাফটসম্যান মেকানিক্যাল | সয়িং টেকনোলজি | | ওয়ারম্যান |
| মেকানিক আর. এ. সি. | ইলেকট্রিশিয়ান | | আর. এ. সি. |
| বেসিক কসমেটোলজি | মেকানিক ডিজেল ইঞ্জিন | | এম এম ভি |

**আমাদের শাখা**
• ক্যানিং-১ • ক্যানিং-২ • বাসন্তী • হালিশহর
• বারাসাত • আমডাঙা • কুমারগঞ্জ • তপন • হিলি

**ভর্তি সংক্রান্ত অনুসন্ধান ঃ 9831084446 / 7384861266**

# একনজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

৩০ মে : 'সিতারা-ই-পাক-ই-স্তান' নাগরিক সম্মান পেলেন ওয়েস্ট ইন্ডিজের প্রাক্তন অধিনায়ক ড্যারেন স্যামি। পাক-ই-স্তানে আন্তর্জাতিক ক্রিকেট পুনরুজ্জীবিত করার ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য এই পুরস্কার পেলেন তিনি। এটি পাক-ই-স্তানের তৃতীয় সর্বোচ্চ বেসামরিক পুরস্কার।

❑ 'ইন্টারন্যাশনাল কনফারেন্স অফ কম্পিউটার এক্সপার্টস'এর তরফ থেকে প্রকাশিত ৫৯ তম 'বিশ্বের সবথেকে শক্তিশালী সুপার কম্পিউটারের শীর্ষ ৫০০ তালিকা'য়, বিশ্বের দ্রুততম সুপার কম্পিউটারের খেতাব পেল মার্কিন যুক্তরাষ্ট্রের তৈরি সুপার কম্পিউটার 'ফ্রন্টিয়ার'। 'ওক রিজ ন্যাশনাল ল্যাবরেটরি'তে এটিকে ইনস্টল করা হয়েছে। 'হিউলেট প্যাকার্ড এন্টারপ্রাইজ' আর্কিটেকচার ব্যবহার করে এই সুপার কম্পিউটারটি তৈরি করা হয়েছে, যা 'অ্যাডভান্সড মাইক্রো ডিভাইস' প্রসেসর দিয়ে সজ্জিত। এই সুপার কম্পিউটারটির মোট ৮৭,৩০,১১২টি কোর রয়েছে, যার গতি ১.১০২ এক্সাফ্লপস (আরম্যাক্স)/১.৬৮৫ এক্সাফ্লপস (আরপিক)। মূলত বৈজ্ঞানিক গবেষণার জন্য তৈরি হওয়া এই সুপার কম্পিউটারটি তৈরি করতে মোট খরচ হয়েছে ৬০০ মিলিয়ন মার্কিন ডলার। জাপানের 'ফুগাকু'কে ('রিকেন ইনস্টিটিউট' ও 'ফুজিৎসু'র তৈরি) ছাড়িয়ে, বিশ্বের দ্রুততম সুপার কম্পিউটারে পরিণত হল 'ফ্রন্টিয়ার'। 'ফুগাকু'র মোট ৭৬,৩০,৮৪৮টি কোর রয়েছে, যার গতি ৪৪২ পেটাফ্লপস। ২০২০ সাল থেকে বিশ্বের দ্রুততম সুপার কম্পিউটারের তালিকায় শীর্ষে ছিল 'ফুগাকু'।

❑ প্রথম ভারতীয় হিসাবে পেশাদার কে-পপ শিল্পী হলেন ওড়িশার ভুবনেশ্বরের বাসিন্দা সঙ্গীতশিল্পী ১৮ বছর বয়সি শ্রেয়া লেনকা। দক্ষিণ কোরিয়ার জনপ্রিয় মহিলা ব্যান্ড 'ব্ল্যাকসোয়ান'এর সদস্য হলেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, নব্বইয়ের দশকের শুরুতে পশ্চিমী পপ, হিপহপ ও রকের সংমিশ্রণে নতুন সঙ্গীত ঘরানা নিয়ে এসেছিল দক্ষিণ কোরিয়া। তারই নাম কে-পপ। সেই বিশেষ ধারার গানে ভিত্তি করেই তৈরি হয়েছিল একের পর এক ব্যান্ড। ২০২০ সালে আত্মপ্রকাশ করে মহিলা ব্যান্ড 'ব্ল্যাকসোয়ান'। এই ব্যান্ডের একজন সদস্য এখন শ্রেয়া।

❑ কাজাখ-ই-স্তানের নুর সুলতানে অনুষ্ঠিত 'ইন্টারন্যাশনাল ব্লাইন্ড স্পোর্টস ফেডারেশন' জুডো গ্র্যান্ড প্রিক্সে প্রথম পদক পেল ভারত। প্রথম ভারতীয় হিসাবে, পুরুষ ও মহিলাদের বিভাগে পদক পেয়েছেন যথাক্রমে কপিল পারমার ও মুকেশ রানি। দু'জনেই ব্রঞ্জ পদক পেয়েছেন।

৩১ মে : ২০২২ সালে 'টাইমস বিজনেস পুরস্কার' পেলেন পূর্ব ভারতের শীর্ষস্থানীয় ফুড ব্র্যান্ড ও ওড়িশার ১ নম্বর মশলা কোম্পানি 'রুচি ফুডলাইন'এর ডিরেক্টর তথা মহিলা উদ্যোক্তা রশ্মি সাহু। বলিউড অভিনেতা তথা সমাজকর্মী সোনু সুদ তাঁকে এই পুরস্কার দিয়েছেন। 'ইস্টার্ন ইন্ডিয়া'স লেন্ডিং রেডি-টু-ইট ব্র্যান্ড'' বিভাগে এই পুরস্কার দেওয়া হয়েছে।

কলকাতার নজরুল মঞ্চের একটি কনসার্টে গান গাওয়ার সময়, হৃদযন্ত্রজনিত সমস্যার কারণে মারা গেলেন



বিখ্যাত ভারতীয় নেপথ্য সঙ্গীতশিল্পী কৃষ্ণকুমার কুন্নথ (যিনি কেকে নামেই বেশি পরিচিত ছিলেন)।

❑ নয়াদিল্লির রাষ্ট্রপতি ভবনে, রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের কাছ থেকে, মরণোত্তর 'কীর্তি চক্র পুরস্কার' পেলেন জম্মু ও কাশ্মীর পুলিশের কনস্টেবল আলতাফ হোসেন ভাট। বীরত্বপূর্ণ কাজ, অসীম সাহস, কর্তব্যের প্রতি অঙ্গীকার ও জাতির জন্য আত্মত্যাগের জন্য এই পুরস্কার পেলেন তিনি। এছাড়াও, এদিন বিশিষ্ট সেবার জন্য ১৩টি পরম বিশেষ সেবা পদক ও ২৯টি অতি বিশেষ সেবা পদক প্রদান করেছেন রামনাথ কোবিন্দ।

❑ অস্ট্রেলিয়ার পশ্চিম উপকূলে সাগরের নীচে বিশ্বের সবথেকে বড় উদ্ভিদের খোঁজ পেলেন অস্ট্রেলিয়ান গবেষকরা। অস্ট্রেলিয়ার পার্থ শহর থেকে ৮০০ কিলোমিটার দূরের শার্ক বে এলাকায় হঠাৎ করেই এই উদ্ভিদের খোঁজ পান তাঁরা। এটি আদতে একটি একক উদ্ভিদ, যার বয়স প্রায় ৪,৫০০ বছর। বিজ্ঞানীদের মতে, এটি সি-গ্রাস বার সামুদ্রিক ঘাস, যা প্রায় ১৮০ বর্গ কিলোমিটার বা ৭০ বর্গ মাইল এলাকা জুড়ে বিস্তৃত। তাঁরা মনে করছেন, ৪,৫০০ বছর ধরে একটি মাত্র বীজ থেকে ছড়িয়ে পড়েছে এই বিশালাকার উদ্ভিদ।

❑ 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র তরফ থেকে, ২০২২ সালে 'বিশ্ব তামাকমুক্ত দিবস পুরস্কার' পেল ঝাড়খণ্ড। তামাকজাত দ্রব্যের ব্যবহার কমানোর প্রচেষ্টার স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেল তারা। এদিন, নয়াদিল্লিতে 'বিশ্ব তামাকমুক্ত দিবস' উপলক্ষ্যে পুরস্কার গ্রহণ করেছে ঝাড়খণ্ডের স্বাস্থ্য বিভাগের রাজ্য তামাক নিয়ন্ত্রণ সেল। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১২ সালে ঝাড়খণ্ডে 'জাতীয় তামাক নিয়ন্ত্রণ কর্মসূচি' চালু করা হয়েছিল।


❑ আজারবাইজানের বাকুতে অনুষ্ঠিত, 'আন্তর্জাতিক শ্যুটিং স্পোর্ট ফেডারেশন' আয়োজিত, 'শ্যুটিং বিশ্বকাপ'এ ১০ মিটার এয়ার রাইফেল প্রতিযোগিতায় সোনার পদক পেল ভারতীয় মহিলা দল। ডেনমার্কের দলকে ১৭-৫ ব্যবধানে হারিয়ে এই শিরোপা জিতল ভারত।

১ জুন : 'ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টার'এর ডিরেক্টর জেনারেল হিসাবে মনোনীত হলেন রাজেশ গেরা।

❑ 'ব্যুরো অফ সিভিল অ্যাভিয়েশন সিকিউরিটি'র ডিরেক্টর জেনারেল হিসাবে মনোনীত হলেন জুলফিকর হাসান।

❑ 'গ্যাজেট রিভিউ' র‍্যাঙ্কিংয়ে বিশ্বের শীর্ষ ১০ শেফের তালিকায় স্থান পেলেন মিশেলিন তারকা সেলিব্রিটি শেফ বিকাশ খান্না। একমাত্র ভারতীয় শেফ হিসাবে এই মর্যাদাপূর্ণ তালিকায় স্থান পেলেন তিনি। এই তালিকায় তাঁর স্থান ষষ্ঠ। প্রসঙ্গত উল্লেখ্য, তালিকায় শীর্ষে রয়েছেন ব্রিটিশ শেফ গর্ডন রামসে।

'সশস্ত্র সীমা বল'এর ডিরেক্টর জেনারেল হিসাবে মনোনীত হলেন সুজয় লাল থাওসেন।



❑ সরকারি কার্যকারিতা বৃদ্ধির উদ্দেশ্যে, কাগজের স্ট্যাম্প পেপার বাতিল করে ই-স্ট্যাম্প সুবিধা চালু করল পঞ্জাব সরকার। রাজ্যের রাজস্ব মন্ত্রী ব্রম শঙ্কর জিম্পা জানিয়েছেন, আগে ই-স্ট্যাম্পিং সুবিধা শুধুমাত্র ২০,০০০ টাকার বেশি মূল্যের ক্ষেত্রে প্রযোজ্য ছিল। এখন ১ টাকা থেকে শুরু করে সব মূল্যের স্ট্যাম্প পেপারে এই ই-স্ট্যাম্পিং সুবিধা চালু করেছে রাজ্য সরকার।

❑ দুর্নীতির বিরুদ্ধে অভিযোগ দায়ের করতে '১৪৪০০' নামে একটি অ্যাপ চালু করল আন্ধ্রা প্রদেশ সরকার। 'অ্যান্টি-কোরাপশন ব্যুরো' এই অ্যাপটি তৈরি করেছে। রাজ্যের কর্মকর্তাদের বিরুদ্ধে দুর্নীতি সংক্রান্ত অভিযোগ নথিভুক্ত করা যাবে এই অ্যাপটির মাধ্যমে। অ্যাপটিতে দু'টি পদ্ধতি থাকবে। প্রথম পদ্ধতিতে ব্যবহারকারীরা সরাসরি দুর্নীতির কাজের লাইভ অডিও বা ভিডিও রেকর্ড করতে পারবেন ও অন্য পদ্ধতিতে ভিডিও, ফটো, নথিপত্র ও অন্যান্য প্রমাণপত্র পাঠিয়ে অভিযোগ দায়ের করতে পারবেন।

২ জুন : ফিনান্সিয়াল প্ল্যাটফর্ম 'LXME'এর সহ-প্রতিষ্ঠাতা ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন জেসমিন বি.গুপ্তা।

❑ 'মেটা' প্ল্যাটফর্মের চিফ অপারেটিং অফিসার হিসাবে মনোনীত হলেন জ্যাভিয়ার অলিভান।

❑ ক্রিকেটার যশ ধুলকে 'স্টেট আইকন' হিসাবে মনোনীত করল দিল্লি নির্বাচন কমিশন। তরুণ সম্প্রদায়কে তাদের ভোটাধিকার প্রয়োগের জন্য নির্বাচন তালিকাভুক্ত হতে অনুপ্রাণিত করবেন তিনি।

❑ এশিয়ার বৃহত্তম লিক্যুইড মিরর টেলিস্কোপ 'ইন্টারন্যাশনাল লিক্যুইড মিরর টেলিস্কোপ' স্থাপন করল ভারত। এটি ভারতের প্রথম লিক্যুইড মিরর টেলিস্কোপ, যা 'আর্যভট্ট রিসার্চ ইনস্টিটিউট অফ অবজার্ভেশনাল সায়েন্সেস'এর মালিকানাধীন 'দেবস্থল অবজার্ভেটরি ক্যাম্পাস'এ স্থাপন করা হয়েছে। উত্তরাখণ্ডের নৈনিতাল জেলায় প্রায় ২,৪৫০ মিটার উচ্চতায় এটি স্থাপন করা হয়েছে। মহাবিশ্বের নানা জ্যোতির্বিজ্ঞানের উপাদান পর্যবেক্ষণ করতে এই টেলিস্কোপ ব্যবহার করা হবে। বেলজিয়াম, কানাডা, পোল্যান্ড ও উজবেক-ই-স্তানের সহযোগিতায় এটি স্থাপন করেছে ভারত। প্রচলিত টেলিস্কোপগুলিতে এক বা একাধিক বাঁকা পৃষ্ঠের পালিশ করা কাঁচের আয়না থাকে। অন্যদিকে, লিক্যুইড মিরর টেলিস্কোপ প্রতিফলনকারী তরল (পারদ) দিয়ে তৈরি হয়। এই 'ইন্টারন্যাশনাল লিক্যুইড মিরর টেলিস্কোপ' এক রাতেই ১০-১৫ জিবি ডেটা সংগ্রহে সক্ষম। এর মাধ্যমে গ্রহাণু, সুপারনোভা, মহাকাশীয় ধ্বংসাবশেষ ও অন্যান্য সব মহাকাশীয় বস্তু পর্যবেক্ষণ করা যাবে। আগামী অক্টোবর থেকে এর কাজ শুরু হবে বলে মনে করা হচ্ছে।

❑ ভারতের প্রথম ব্যাঙ্কিং মেটাভার্স 'Kiyaverse' চালু করার কথা ঘোষণা করল মুম্বইয়ের ফিনটেক কোম্পানি 'Kiya.ai'. 'Kiyaverse'এর মাধ্যমে গ্রাহকরা ঘরে বসেই টাকা লেনদেন, ব্যাঙ্কিং তথ্য আদানপ্রদান ও বিভিন্ন ব্যাঙ্কিং সুযোগ-সুবিধা পেতে সক্ষম হবেন। মূলত পর্যায়ক্রমে এই 'Kiyaverse' চালু করা হবে। প্রথম পর্যায়ে, ব্যাঙ্কিং মেটাভার্স ভার্চুয়াল রিলেশনশিপ ম্যানেজার, পিয়ার অবতার ও ভার্চুয়াল অ্যাডভাইজরদের মতো পরিষেবা দেবে, যাকে বলা হয় 'রোবো-অ্যাডভাইজরস'। পরবর্তী পর্যায়ে, টোকেন হিসাবে এনএফটি ও লেনদেনের জন্য 'সেন্ট্রাল ব্যাঙ্ক ডিজিটাল কারেন্সিস' সমর্থন করার পরিকল্পনা নিয়েছে 'Kiya.ai'.

৩ জুন : 'ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া'র ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন এ.মণিমেখলাই।

❑ 'বহিরাগত বেঞ্চমার্ক ভিত্তিক ঋণদান'এর ওপর আরবিআই'এর নির্দেশ না মেনে চলার জন্য, 'পঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক'এর ওপর ২৭.৫০ লাখ টাকা জরিমানা আরোপ করল 'ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক'।

❑ 'বান্দা সিং বাহাদুর শহীদ স্মৃতিস্তম্ভ পোস্টার' প্রকাশ করলেন কেন্দ্রীয় সংস্কৃতি প্রতিমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল। ৯ জুন, বান্দা সিং বাহাদুরের ৩০৬ তম শহীদ দিবসের আগে, 'জাতীয় স্মৃতিসৌধ কর্তৃপক্ষ' আয়োজিত একটি ইভেন্টে এই পোস্টারটি প্রকাশ করা হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, বাবা বান্দা সিং বাহাদুর ছিলেন একজন যোদ্ধা, যিনি ১৭১৬ সালের ৯ জুন মেহরাউলিতে তাঁর অন্যান্য ১৮ জন সঙ্গীর সঙ্গে শহীদ হন।

❑ ২০২২ সালে মর্যাদাপূর্ণ 'স্ক্রিপস ন্যাশনাল স্পেলিং বি' জিতলেন ভারতীয় বংশোদ্ভূত টেক্সাসের বাসিন্দা অষ্টম শ্রেণির ছাত্রী ১৪ বছর বয়সি হরিণী লোগান। ২৬টি শব্দের মধ্যে ২১টি শব্দের বানান সঠিকভাবে করেছেন হরিণী, যেখানে তাঁর প্রতিপক্ষ ডেনভারের বাসিন্দা ১২ বছর বয়সি বিক্রম রাজু ১৯টি শব্দের মধ্যে ১৫টি শব্দের বানান সঠিকভাবে করতে পেরেছেন। প্রসঙ্গত উল্লেখ্য, এটি একটি বানানের প্রতিযোগিতা, যেখানে প্রতিযোগীদের পরীক্ষা করা হয় যে তাঁরা ৯০ মিনিটের মধ্যে কতগুলি শব্দ সঠিকভাবে বানান করতে পারেন।

❑ আজারবাইজানের বাকুতে অনুষ্ঠিত, 'শ্যুটিং বিশ্বকাপ'এ মহিলাদের ৫০ মিটার রাইফেল থ্রি পজিশনস ইভেন্টে রুপোর পদক পেলেন ভারতীয় অলিম্পিয়ান আঞ্জুম মুদগিল। ৪০৬.৫ স্কোর করেছেন তিনি।

## মিতালি রাজের অবসর



❑ ৮ জুন, আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসরের সিদ্ধান্ত ঘোষণা করলেন ভারতীয় মহিলা ক্রিকেটার মিতালি রাজ।

❑ ১৯৯৯ সালে আয়ারল্যান্ডের বিপক্ষে 'মিল্টন কেইনস'এ একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেক হয় তাঁর, যেখানে তিনি অপরাজিত ১১৪ রান করেন।

❑ ২০০১-'০২ মরসুমে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে লখনৌতে তাঁর টেস্ট অভিষেক হয়।

❑ ২০০২ সালের ১৭ আগস্ট, ১৯ বছর বয়সে তাঁর তৃতীয় টেস্টে বিশ্বের সর্বোচ্চ ব্যক্তিগত রান (২১৪) করে প্রাক্তন অস্ট্রেলিয়ান ক্রিকেটার কারেন রোলটনের (২০৯) নজির ভেঙে দেন মিতালি। যদিও, পরে মিতালির এই নজির ভেঙে দেন পাক-ই-স্তানের কিরণ বালুচ, যিনি ২০০৪ সালের মার্চে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ২৪২ রান করেছিলেন।

❑ ২০০৫ সালে প্রথমবার 'মহিলাদের ক্রিকেট বিশ্বকাপ'এর ফাইনালে ভারতীয় ক্রিকেট দলের নেতৃত্ব দেন মিতালি, যেটি দক্ষিণ আফ্রিকায় অনুষ্ঠিত হয়েছিল। তাঁর নেতৃত্বে বিশ্বকাপের ফাইনালে ওঠে ভারতীয় দল। যদিও, সে'বার চ্যাম্পিয়ন হয় অস্ট্রেলিয়া।

❑ এখন ৭০৩ রেটিং নিয়ে ব্যাটিং টেবিলের শীর্ষে রয়েছেন তিনি।

❑ ২০১৩ সালের মহিলা বিশ্বকাপে, মহিলাদের মধ্যে একদিনের আন্তর্জাতিক চার্টে ১ নম্বর ক্রিকেটার ছিলেন তিনি।

❑ প্রথম মহিলা ক্রিকেটার হিসাবে একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে ৭,০০০ রান পূর্ণ করেন তিনি।

❑ সর্বকনিষ্ঠ (১৬ বছর ২০৫ দিন বয়সে) হিসাবে একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে শতরান করেন তিনি।

❑ ২৩ বছরের কেরিয়ারে, আন্তর্জাতিক ক্রিকেটে ৩৩৩টি ম্যাচে ১০,৮৬৮ রান সংগ্রহ করেছেন তিনি।

❑ প্রথম ভারতীয় ক্রিকেটার হিসাবে টোয়েন্টি-২০ আন্তর্জাতিক ক্রিকেটে ২,০০০ রান করেছেন তিনি।

❑ এখনো পর্যন্ত তিনি ভারতের হয়ে ৮৯টি টোয়েন্টি-২০ খেলেছেন, যার মধ্যে তাঁর গড় ৩৭.৫২। স্কটল্যান্ডের সারাহ ব্রাইসের (৩৯.৩০) পর, বিশ্বের যেকোনো মহিলা ক্রিকেটারের দ্বিতীয় সেরা মিতালির এই গড়।

❑ মিতালিই একমাত্র ভারতীয় মহিলা কিক্রকেটার, যিনি টানা ৭ বছর (২০০০-'০৭) শূন্য রানে আউট হননি। কারেন রোলটনের পরে, ৭৪ ইনিংসে একটি শূন্য ছাড়া সর্বাধিক টানা সবথেকে বেশি ইনিংসের দ্বিতীয় সেরা রেকর্ডটিও তাঁর দখলে।

❑ তিনি তাঁর ৫টি বিশ্বকাপ টুর্নামেন্টে ৯টি পঞ্চাশ করেছেন, যা ভারতীয় মহিলা ক্রিকেটারের সেরা। বিশ্ব ক্রিকেটে ডেবি হকলি (১২), শার্লট এডওয়ার্ডস (১১), কারেন রোলটনের (৯) পর যৌথভাবে বিশ্বকাপে তৃতীয় সর্বোচ্চ অর্ধশতরানের মালিক হন তিনি।

❑ ২০০৪ থেকে ২০০৮ সালের মধ্যে ৪টি 'এশিয়া কাপ টুর্নামেন্ট'এ দলের নেতৃত্ব দিয়েছিলেন মিতালি ও ৪টিতেই ভারতীয় মহিলা ক্রিকেট দল জিতেছিল।

❑ মিতালি একমাত্র ক্রিকেটার, যিনি ২টি (২০০৫ ও ২০১৭) আইসিসি ওয়ানডে বিশ্বকাপ ফাইনালে অধিনায়ক ছিলেন।

❑ ২০০৩ সালে 'অর্জুন পুরস্কার', ২০১৫ সালে 'পদ্মশ্রী পুরস্কার', ২০১৭ সালে 'ইউথ স্পোর্টস আইকন অফ এক্সেলেন্স পুরস্কার', 'ভোগ বর্ষসেরা ক্রীড়া ব্যক্তিত্ব', 'বিবিসি'র ১০০ অনুপ্রেরণামূলক মহিলাদের তালিকা', 'উইসডেন বিশ্বের শীর্ষস্থানীয় মহিলা ক্রিকেটার', ২০২১ সালে 'খেলরত্ন পুরস্কার' পান মিতালি।


### বিশেষ বিজ্ঞপ্তি

কর্মসংস্থান পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

❑ 'SHRESHTA' (স্কিম ফর রেসিডেন্সিয়াল এডুকেশন ফর স্টুডেন্টস ইন টার্গেটেড এরিয়াস) প্রকল্প চালু করলেন কেন্দ্রীয় সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রী ড.বীরেন্দ্র কুমার। তফশিলি জাতির গরিব মেধাবী শিক্ষার্থীরা এই প্রকল্পের ফলে উপকৃত হবেন। প্রকল্পটির লক্ষ্য, সারা দেশ জুড়ে সিবিএসই অ্যাফিলিয়েটেড স্বনামধন্য আবাসিক স্কুলের গরিব অথচ মেধাবী শিক্ষার্থীদের উচ্চ মানের শিক্ষার ব্যবস্থা করা। যেসব শিক্ষার্থীদের বাবা-মায়ের বার্ষিক আয় ২.৫ লাখ টাকার কম, তাঁরাই এই প্রকল্পের আওতায় আসবেন।

❑ কাজাখ-ই-স্তানের আলমাটিতে অনুষ্ঠিত, 'বোলাত তুর্লিখানভ কাপ' প্রতিযোগিতায় সোনার পদক পেলেন ভারতীয় কুস্তিগির সাক্ষী মালিক। কাজাখ-ই-স্তানের কুস্তিগির ইরিনা কুজনেতসোভাকে হারিয়ে, মহিলাদের ৬২ কেজি বিভাগে সোনার পদক পেলেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগে শেষবার ২০১৭ সালের 'কমনওয়েলথ চ্যাম্পিয়নশিপ'এ সোনার পদক পেয়েছিলেন তিনি।

**৪ জুন :** দেশে এই প্রথমবারের মতো, গুজরাতের কচ্ছ জেলায় পাইলট প্রকল্পের অংশ হিসাবে ড্রোন ব্যবহার করে পার্সেল বিতরণ সম্পন্ন করল 'ভারতীয় ডাক বিভাগ'। ডাক বিভাগের কর্মকর্তাদের মতে, ড্রোনটি ২৫ মিনিটে ৪৬ কিলোমিটার দূরত্ব অতিক্রম করেছে। কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রকের নির্দেশে, ভুজ তালুকের হাবে গ্রাম থেকে কচ্ছ জেলার ভাচাউ তালুকের নের গ্রামে ড্রোনের মাধ্যমে পার্সেল পাঠানো হয়েছে। এই পার্সেলে মূলত চিকিৎসা সংক্রান্ত সামগ্রী ছিল।



**আজারবাইজানের বাকুতে অনুষ্ঠিত, 'শ্যুটিং বিশ্বকাপ'এ ৫০ মিটার রাইফেল থ্রি পজিশনসে দলগত প্রতিযোগিতায় সোনার পদক পেলেন ভারতের স্বপ্নিল কুশালে ও আশি চৌকসে। ইউক্রেনের সেরহি কুলিশ ও দারিয়া তিকোভাকে ১৬-১২ ব্যবধানে হারিয়ে এই শিরোপা জিতেছেন তাঁরা।**

**৫ জুন :** আলবেনিয়ার প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন বজরাম বেগজ।

❑ 'বিশ্ব পরিবেশ দিবস' উদযাপনের সময়, 'ব্লু ডিউক'কে সিকিমের রাজ্য প্রজাপতি হিসাবে ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী পি.এস.গোলে। রানীপুলের কাছে 'সরমসা গার্ডেন'এ বন বিভাগ আয়োজিত এক অনুষ্ঠানে এই ঘোষণা করা হয়। আরেকটি প্রজাতির প্রজাপতি 'কৃষ্ণ পিকক'কে পিছনে ফেলে সিকিমের রাজ্য প্রজাপতি হিসাবে ঘোষিত হল 'ব্লু ডিউক'। বন বিভাগের মতে, রাজ্য প্রজাপতি নির্বাচন করতে ২০২১ সালের এপ্রিল থেকে সেপ্টেম্বরের মধ্যে একটি অনলাইন ভোটিংয়ের আয়োজন করা হয়েছিল, যেখানে ৪,০৩৬টি ভোটের মধ্যে ৫৭% ভোট পেয়েছে 'ব্লু ডিউক' ও ৪৩% ভোট পেয়েছে 'কৃষ্ণ পিকক'। 'ব্লু ডিউক' হল সিকিমের প্রজাপতির একটি স্থানীয় প্রজাতি, যার ২টি রং। নীল রংটি আকাশের প্রতিনিধিত্ব করে ও সাদা রংটি হিমালয়ের তুষার আচ্ছাদিত পর্বতের প্রতিনিধিত্ব করে।

❑ ২০২২ সালে 'মুম্বই আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব'এ সেরা ডকুমেন্টারি চলচ্চিত্রের জন্য, 'সোনার শঙ্খ পুরস্কার' জিতল ডাচ ডকুমেন্টারি চলচ্চিত্র 'টার্ন ইওর বডি টু দ্য সান'। অ্যালিওনা ভান-ডের হর্স্ট পরিচালিত এই চলচ্চিত্রে সোভিয়েত যুদ্ধে বন্দি হওয়া এক সৈনিকের জীবন কাহিনি দেখানো হয়েছে।

❑ বিশ্বে প্রথমবারের মতো, ডিজিটাল ইলেক্ট্রনিক্সের জন্য 'রাইট টু রিপেয়ার' (মেরামতের অধিকার) বিল পাস করল মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক আইনসভা। এই বিল অনুযায়ী, ডিজিটাল ইলেক্ট্রনিক্স নির্মাতাদের তাদের গ্রাহকদের ও স্বনির্ভর যন্ত্রাংশ মেরামতের দোকানগুলিতে গ্যাজেট মেরামতের ম্যানুয়াল সরবরাহ করতে হবে। এছাড়াও, সেইসব গ্যাজেটের আসল যন্ত্রাংশ যাতে বাজারে পাওয়া যায়, তার ব্যবস্থাও করতে হবে। এখন এই বিলটি আইনে পরিণত করার জন্য ওই প্রদেশের গভর্নরের স্বাক্ষর প্রয়োজন।

❑ জুলাই থেকে রাজ্যে একক-ব্যবহারের প্লাস্টিকের ওপর নিষেধাজ্ঞা জারি করল পঞ্জাব সরকার। 'বিশ্ব পরিবেশ দিবস' উপলক্ষ্যে, একটি ভার্চুয়াল ইভেন্টে এই ঘোষণা করা হয়েছে। কার্বন নিঃসরণ কমানোর জন্য আর রাজ্যকে আরও সবুজ ও স্বাস্থ্যকর করে তুলতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

❑ পোল্যান্ডকে ৬-৪ ব্যবধানে হারিয়ে, উদ্বোধনী 'এফআইএইচ হকি ৫এস চ্যাম্পিয়নশিপ' জিতল ভারত।

❑ বিশ্বের প্রথম স্বীকৃত সংস্থা হিসাবে 'মেটাভার্স'এ তাদের নিজস্ব ভার্চুয়াল অফিস তৈরি করল 'অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন'। এদিন একটি শিক্ষাগত মেটাভার্স 'Polyversity' চালু করেছেন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী আর দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান, যেটি একটি ভার্চুয়াল বিশ্ববিদ্যালয়, যেখানে এআইসিটিই'র ক্যাম্পাস-সহ একাধিক শিক্ষাগত প্রতিষ্ঠান থাকবে। এছাড়াও, 'Polyversity'র ভার্চুয়াল অবতারে একটি শপিং সেন্টার, স্পোর্টস কমপ্লেক্স, অডিটোরিয়াম ও ক্লাসরুমও রয়েছে, যেখানে শিক্ষার্থীরা ভার্চুয়ালি ক্লাস করতে পারবেন।

**৬ জুন :** ভারতীয় ড্রোন স্টার্টআপ 'গারুদা অ্যারোস্পেস'এর ব্র্যান্ড অ্যাম্বাসাডর হিসাবে মনোনীত হলেন ক্রিকেটার মহেন্দ্র সিং ধোনি।

❑ লেহতে 'মাই প্যাড মাই রাইট' প্রোগ্রাম চালু করলেন 'ন্যাশনাল ব্যাঙ্ক ফর অ্যাগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট'এর চেয়ারম্যান ড. জি.আর.চিন্তালা। এই প্রোগ্রামের আওতায়, স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের প্যাড তৈরির মেশিন দেওয়া হবে।

❑ সন্ত কবিরের প্রতি শ্রদ্ধা নিবেদন করতে, উত্তর প্রদেশের মাঘর শহরের কবির চৌরা ধামে 'সন্ত কবির আকাদেমি ও রিসার্চ সেন্টার'এর উদ্বোধন করলেন প্রেসিডেন্ট রামনাথ কোবিন্দ। তিনি বলেন, কবিরের জীবনী মানবিক গুণের প্রতিমূর্তি ও তাঁর শিক্ষা আজ ৬৫০ বছর পরেও প্রাসঙ্গিক। তিনি কবিরের জীবনকে সাম্প্রদায়িক সংহতির আদর্শ উদাহরণ হিসাবে বর্ণনা করেছেন।

❑ হরিয়ানার মানেসারে, তাদের উৎপাদন কেন্দ্রে এশিয়ার বৃহত্তম ২০ মেগাওয়াট পিক সৌরবিদ্যুৎ কেন্দ্র ইনস্টল করল অটোমোবাইল প্রস্তুতকারক সংস্থা 'মারুতি সুজুকি ইন্ডিয়া লিমিটেড'। এই সৌরবিদ্যুৎ কেন্দ্রটি প্রতিবছর ২৮,০০০ মেগাওয়াট ঘন্টা বিদ্যুৎ সরবরাহ করবে। এই উদ্যোগের মাধ্যমে উৎপাদিত শক্তি প্রতিবছর প্রায় ৬৭,০০০ গাড়ি তৈরি করতে প্রয়োজনীয় শক্তির সমান হবে বলে মনে করা হচ্ছে। এর ফলে, বছরে কমপক্ষে ২০,০০০ টন কার্বন ডাই অক্সাইড নির্গমন করা সম্ভব হবে।

❑ ওড়িশার এপিজে আব্দুল কালাম দ্বীপ থেকে, পারমাণবিক-সক্ষম 'অগ্নি-৪' ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের সফল পরীক্ষা করল ভারত। এই ক্ষেপণাস্ত্রের পাল্লা ৪,০০০ কিলোমিটার। অর্থাৎ, যা ৪,০০০ কিলোমিটার দূরের লক্ষ্যবস্তুতে নিখুঁত নিশানায় আঘাত হানতে পারে। স্ট্র্যাটেজিক ফোর্সেস কম্যান্ডের তত্ত্বাবধানে এই পরীক্ষা পরিচালনা করা হয়েছে। নিয়মিত প্রশিক্ষণ উৎক্ষেপণের অংশ হিসাবেই এই ক্ষেপণাস্ত্র পরীক্ষা করা হয়েছে। 'ডিআরডিও'র তৈরি এই 'অগ্নি-৪' ক্ষেপণাস্ত্রটি 'অগ্নি' সিরিজের চতুর্থ ক্ষেপণাস্ত্র, যার নাম আগে দেওয়া হয়েছিল 'অগ্নি ২ প্রাইম'।

❑ গ্রিনহাউস গ্যাস নির্গমন কমাতে, বিমানবন্দরের সব যানকে বৈদ্যুতিক যান দিয়ে প্রতিস্থাপন করার সিদ্ধান্ত নিল দিল্লির 'ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দর'। 'গ্রিন ট্রান্সপোর্টেশন প্রোগ্রাম'এর অধীনে, এই বৈদ্যুতিক যানবাহনগুলি পর্যায়ক্রমে চালু করা হবে। আগামী ৩-৪ মাসের মধ্যে ৬২টি নতুন বৈদ্যুতিক যানবাহন যুক্ত করবে দিল্লি বিমানবন্দর। যার ফলে বছরে প্রায় ১,০০০ টন গ্রিনহাউস গ্যাস নির্গমন করা সম্ভব হবে বলে মনে করা হচ্ছে।

**৭ জুন :** 'ইন্টারন্যাশনাল অ্যালুমিনিয়াম ইনস্টিটিউট'এর চেয়ারম্যান হিসাবে মনোনীত হলেন সতীশ পাই।

❑ 'ভারতীয় স্টেট ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন অলোক কুমার চৌধুরি।

❑ নয়াদিল্লিতে, 'ন্যাশনাল ট্রাইবাল রিসার্চ ইনস্টিটিউট'এর উদ্বোধন করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। উপজাতীয় ঐতিহ্য, সংস্কৃতির প্রচার ও সংরক্ষণের কেন্দ্র হিসাবে পরিণত হবে এই ইনস্টিটিউট, যা স্বনামধন্য গবেষণা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় ও বিভিন্ন শিক্ষামূলক সংস্থাগুলির সঙ্গে সহযোগিতা করবে। ১০ কোটি টাকা খরচে এটি স্থাপিত হয়েছে।

❑ প্রথম ভারতীয় হিসাবে, 'ইনস্টাগ্রাম'এ ২০০ মিলিয়ন ফলোয়ার্স অর্জন করলেন ক্রিকেটার বিরাট কোহলি। ছাপিয়ে গেলেন দেশের সব ক্ষেত্রের সব খ্যাতনামীদের। সারা বিশ্বের ক্রীড়াবিদদের মধ্যে কোহলির স্থান তৃতীয়। তাঁর আগে রয়েছেন যথাক্রমে ক্রিশ্চিয়ানো রোনাল্ডো (৪৫০ মিলিয়ন) ও লিওনেল মেসি (৩৩৩ মিলিয়ন)।

❑ ভারতের বৃহত্তম বিমানবন্দর 'জেওয়ার' তৈরি করার টেন্ডার জিতে নিল 'টাটা গ্রুপ'এর পরিকাঠামো ও নির্মাণ শাখা সংস্থা 'টাটা প্রোজেক্টস্ লিমিটেড'। এই টেন্ডার পাওয়ার ফলে বিমানবন্দরের টার্মিনাল, রানওয়ে, এয়ারসাইড পরিকাঠামো, রাস্তা-সহ অন্যান্য ভবন তৈরি করবে তারা। 'সাপুরজি পালনজী গ্রুপ' ও 'লার্সেন অ্যান্ড টুব্রো'কে হারিয়ে এই টেন্ডার জিতে নিল তারা। এই প্রকল্পের জন্য 'যমুনা আন্তর্জাতিক বিমানবন্দর'এর সঙ্গে অংশীদারিত্ব করবে টাটা গ্রুপ কোম্পানি। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২৪ সালের মধ্যে এই বিমানবন্দরটি তৈরি হয়ে যাবে বলে মনে করা হচ্ছে।

❑ ২০২১-'২২ সালে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মনসুখ মান্ডভিয়ার তরফ থেকে প্রকাশিত, 'স্টেট ফুড সিকিউরিটি ইনডেক্স'এ শীর্ষ স্থান পেল তামিলনাড়ু। তাদের স্কোর ১০০'র মধ্যে ৮২.৫। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে গুজরাত (৭৭.৫) ও মহারাষ্ট্র (৭০)।

❑ পূর্ব লাদাখের প্যাংগং হ্রদের কাছাকাছি 'স্প্যাংমিক' নামে একটি প্রত্যন্ত গ্রামে ৪জি মোবাইল পরিষেবা সম্প্রসারিত করে নজির গড়ল 'রিলায়েন্স জিও'। দেশের প্রথম মোবাইল পরিষেবা নেটওয়ার্ক হিসাবে, প্যাংগংয়ের মতো দুর্গম এলাকায় ও তার আশেপাশের অঞ্চলে ৪জি মোবাইল পরিষেবা পৌঁছে দিল তারা। লাদাখের লোকসভা সদস্য জামিয়াং সেরিং নামগিয়াল ওই গ্রামে জিও মোবাইল টাওয়ারের উদ্বোধন করেন। এর ফলে, এই অঞ্চলের পর্যটক ও সেনাবাহিনী এক উন্নততর মোবাইল ও ইন্টারনেট পরিষেবার সুবিধা নিতে পারবেন।

❑ ফ্রান্সে অনুষ্ঠিত, 'প্যারা শ্যুটিং বিশ্বকাপ'এ মহিলাদের ১০ মিটার এয়ার রাইফেল স্ট্যান্ডিং এসএইচ১'এ কে সোনার পদক পেলেন ভারতের অবনী লেখারা। ২৫০.৬ স্কোর করে গড়লেন বিশ্বরেকর্ডও। নিজেরই বিশ্বরেকর্ড ভেঙে (২৪৯.৬) ২০২৪ সালের 'প্যারিস প্যারালিম্পিক গেমস'এ যোগ্যতা অর্জন করলেন তিনি।

**৮ জুন :** ব্যবসা ও আর্থিক সংবাদ সংস্থা 'কুইন্টিলিয়ন বিজনেস মিডিয়া লিমিটেড'এর ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন সঞ্জয় পুগালিয়া।

❑ 'আন্তর্জাতিক মুদ্রা তহবিল'এর এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় বিভাগের ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন ভারতের কৃষ্ণ শ্রীনিবাসন।

❑ ভারতীয় রেলওয়ের প্রথম অফিসার হিসাবে, 'আয়রনম্যান ট্রায়াথলন' সম্পূর্ণ করে নজির গড়লেন শ্রেয়াস জি.হোসুর, যা বিশ্বের সবথেকে কঠিন একদিনের ক্রীড়া ইভেন্ট হিসাবে বিবেচিত হয়। এই ইভেন্টের মধ্যে রয়েছে ৩.৮ কিলোমিটার সাঁতার, ১৮০ কিলোমিটার সাইক্লিং ও ৪২.২ কিলোমিটার দৌড়। জার্মানির হামবুর্গে, ১৩ ঘন্টা ২৬ মিনিট সময়ে এই ইভেন্টটি সম্পূর্ণ করেছেন তিনি।

❑ ভারতের প্রথম 'ক্রিপ্টো রুপি ইনডেক্স' চালু করল ভারতের বৃহত্তম ক্রিপ্টো বিনিয়োগকারী অ্যাপ 'CoinSwitch', যা রুপি-ভিত্তিক ক্রিপ্টো বাজারের কর্মক্ষমতা ট্র্যাক করবে। এই ইনডেক্স 'বিটকয়েন' ও 'ইথেরিয়াম'-সহ ৮টি জনপ্রিয় ক্রিপ্টো সম্পদের গতিবিধি অনুসরণ করবে। প্রসঙ্গত উল্লেখ্য, 'CoinSwitch' অ্যাপের প্রায় ১৮ মিলিয়নেরও বেশি নিবন্ধিত ব্যবহারকারী রয়েছে।

❑ ছোট ব্যবসাগুলিকে তাদের ব্যবসা চালানোর জন্য 'হোয়াটসঅ্যাপ বিজনেস অ্যাপ'এর মতো ডিজিটাল মাধ্যমগুলি গ্রহণে উৎসাহিত করতে, 'এসএমবি সাথী উৎসব' উদ্যোগ চালু করল 'হোয়াটসঅ্যাপ ইন্ডিয়া'। প্রাথমিক ধাপে, জয়পুরের জোহরি বাজার ও বাপু বাজারে এই উৎসব চালু করা হয়েছে, যেখানে ৫০০টিরও বেশি ছোট ব্যবসাকে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। ভারতীয় মিডিয়া প্ল্যাটফর্ম 'জোশ টকস'এর সহযোগিতায় এই উদ্যোগটি চালু করা হয়েছে।

❑ মাত্র ৫ দিনে ৭৫ কিলোমিটার রাস্তা তৈরি করে 'গিনেস বুক অফ ওয়ার্ল্ড রেকর্ড'এ নাম তুলে ফেলল ভারত। কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও হাইওয়ে মন্ত্রী নীতিন গড়করি জানিয়েছেন, ১০৫ ঘন্টা ৩৩ মিনিট রেকর্ড সময়ের মধ্যে অমরাবতী থেকে আকোলার মধ্যে ৫৩ নম্বর জাতীয় সড়কের অংশে একক লেনে ৭৫ কিলোমিটার অবিচ্ছিন্ন বিটুমিনাস কংক্রিটের রাস্তা তৈরি করা হয়েছে। প্রায় ৮০০ থেকে ১,০০০ জন নির্মাণকর্মী এই রাস্তা তৈরির কাজ করেছেন। ৩ জুন সকাল ৭টা ২৭ মিনিট থেকে কাজ শুরু হয়েছিল ও ৭ জুন বিকাল ৫টায় কাজ শেষ করা হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগে সবথেকে কম সময়ে সবথেকে বেশি দূরত্বের রাস্তা তৈরি হয়েছিল কাতারে। সেখানে ২০১৯ সালে ২৭.২৫ কিলোমিটার রাস্তা তৈরি হয়েছিল ১০ দিনে।

❑ ইরাকের কুর্দিস্থান প্রদেশের কেমুনে শহরের এক জলাধারের নীচ থেকে উঠে এল আনুমানিক ৩,৪০০ বছর আগের প্রাচীন সভ্যতা। জলের অভাবে শুকিয়ে গিয়েছিল একটি বহু পুরনো বিরাট জলাধার। মাটি শুকিয়ে যাওয়ার পরই ওই সভ্যতার নিদর্শন নজরে আসে প্রত্নতত্ত্ববিদদের। তাঁদের মতে, এই সভ্যতাটি ব্রঞ্জ যুগের। কারণ, প্রাচীন ওই শহরটি সম্ভবত খ্রিস্টপূর্ব ১৫৫০ থেকে ১৩৫০ খ্রিস্টপূর্বাব্দের মধ্যেকার। মনে করা হচ্ছে, এটি মিত্তানি সাম্রাজ্যের আমলে একটি বর্ধিষ্ণু এলাকা ছিল।

**৯ জুন :** রাষ্ট্রসঙ্ঘের আন্ডার সেক্রেটারি জেনারেল হিসাবে মনোনীত হলেন রাষ্ট্রসঙ্ঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাবাব ফতিমা।

❑ চাঁদের একটি নতুন ভূতাত্ত্বিক মানচিত্র প্রকাশ করল চিন। বিশ্বে এই প্রথম চাঁদের এমন সবিস্তার মানচিত্র প্রকাশিত হল। এই মানচিত্রের প্রকল্পটি 'চায়না ইউনিভার্সিটি অফ জিওসায়েন্স', 'চাইনিজ আকাদেমি অফ জিওলজিক্যাল সায়েন্স' ও 'শানডং বিশ্ববিদ্যালয়'এর মতো অন্যান্য সংস্থার সঙ্গে 'চাইনিজ আকাদেমি অফ সায়েন্সেস'এর জিওকেমিস্ট্রি ইনস্টিটিউটের নেতৃত্বে প্রকাশিত হয়েছে। এই নতুন মানচিত্রটি প্রকাশ করা হয়েছে ১:২৫০০০০০ স্কেলে, যেটি এখনও পর্যন্ত চাঁদের সবথেকে বিস্তারিত মানচিত্র। চাঁদের এই মানচিত্রে রয়েছে ১২,৩৪১টি ইমপ্যাক্ট ক্রেটার, ১৭টি পাথরের ধরন, ৮১টি ইমপ্যাক্ট বেসিন ও ১৪টি আলাদা ধরনের কাঠামো। এছাড়াও রয়েছে চাঁদের ভূতত্ত্ব ও তার বিবর্তন সম্পর্কে প্রচুর তথ্য। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগে ২০২০ সালে 'ইউনাইটেড স্টেটস জিওলজিক্যাল সার্ভে' অ্যাস্ট্রোজিওলজি সায়েন্স সেন্টার চাঁদের মানচিত্র প্রকাশ করেছিল ১:৫০০০০০০ স্কেলে।

❑ ভিয়েতনামের সঙ্গে এক নতুন চুক্তি স্বাক্ষর হল ভারত। সামরিক ক্ষেত্রে এই প্রথম কোনো দেশের সঙ্গে 'মিউচুয়াল লজিস্টিক সাপোর্ট' সংক্রান্ত চুক্তি সই করল ভিয়েতনাম। এই চুক্তির মাধ্যমে দুই দেশ পরস্পরকে লজিস্টিক সহায়তা করার পাশাপাশি, দুই দেশের সেনাবাহিনী একে অন্যের ঘাঁটিগুলি মেরামত ও ব্যবহার করতে পারবে। এই চুক্তি স্বাক্ষরের ফলে, ২০৩০ সালের মধ্যে প্রতিরক্ষা ক্ষেত্র আরও উন্নত হবে বলে মনে করা হচ্ছে।

❑ এশিয়ার প্রথম দেশ হিসাবে, গাঁজা চাষকে আইনসিদ্ধ বলে ঘোষণা করল তাইল্যান্ড। দেশীয় অর্থনীতিকে চাঙ্গা করতে এই উদ্যোগ নেওয়া হয়েছে। তবে, শুধুমাত্র চিকিৎসা ক্ষেত্রেই গাঁজার ব্যবহারকে মান্যতা দিয়েছে দেশটি। যাঁরা নেশা করেন, তাঁদের গাঁজা সরবরাহ করা হলে বড় অঙ্কের জরিমানা দিতে হবে।

☛ এরপর আগামী সপ্তাহে

**সঙ্কলক : পল্লবী দেওয়ান**

## বায়ুসেনায় অগ্নিবীরবায়ু

১২ পাতার পর

অর্থাৎ ৯,৯০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

তৃতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৬,৫০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৫,৫৫০ টাকা। বাকি ১০,৯৫০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ ১০,৯৫০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

চতুর্থ বছর মাইনে পাবেন মাসে ৪০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৮,০০০ টাকা। বাকি ১২,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ ১২,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

এছাড়াও অগ্নিবীরদের নন-কনট্রিবিউটরি স্কিমে ৪৮ লাখ টাকার জীবন বিমা করিয়ে দেওয়া হবে। মৃত্যুকালীন দুর্ঘটনা হলে প্রায় ১ কোটি টাকা দেওয়া হবে। শরীরের ৭৫% ক্ষতি হলে ২৫ লাখ আর ৫০% ক্ষতি হলে ১৫ লাখ টাকা পাবেন। সেইসঙ্গে রিস্ক, হার্ডশিপ, রেশন, পোশাক, ভ্রমণ ভাতা দেওয়া হবে। এছাড়াও বছরে ৩০ দিন ছুটি থাকবে। সেইসঙ্গে মেডিক্যাল লিভ-ও পাওয়া যাবে।

৪ বছর চাকরি করার পর ২৫% প্রার্থীকে পরীক্ষা দিয়ে ১৫ বছরের চাকরির জন্য কেন্দ্রীয় সরকারের স্থায়ী পদে নিয়োগ করা হবে জুনিয়র কমিশন্ড অফিসার বা, অন্য র‍্যাঙ্কে। তখন রেগুলার কর্মীর মতো পেনশনও পাবেন। বাকি ৭৫% কর্মীকে 'অগ্নিবীর স্কিল সার্টিফিকেট' দিয়ে চাকরি থেকে ছুটি দেওয়া হবে। তখন নিজের প্রাপ্য অগ্নিবীর করপাস ফান্ডের টাকা আর সরকারের দেওয়া করপাস ফান্ডের টাকা মিলিয়ে (সুদ-সহ) মোট প্রায় ১১ লাখ ৭১ হাজার টাকা এককালীন (এই প্যাকেজের নাম দেওয়া হয়েছে 'সেবা নিধি') দেওয়া হবে যা, আয়করে ছাড় দেওয়া হবে। এই সার্টিফিকেট দিয়ে অন্য কোনো সংস্থায় চাকরি পেতে পারেন কিংবা, দ্বিতীয়বার কেরিয়ার তৈরির জন্য ব্যবসা করতে ঋণ পেতে পারেন। কোনো গ্র্যাচুইটি ও পেনশন নেই।

এছাড়া বিনা খরচায় থাকা-খাওয়া ও চিকিৎসার সুযোগ আছে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন পরীক্ষা হবে, ২৪ জুলাই বা, তারপর। এই পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে। সায়েন্স ব্যাকগ্রাউন্ড প্রার্থীদের বেলায় ৬০ মিনিটের পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : ইংরিজি, ফিজিক্স ও অঙ্ক।

নন-সায়েন্স প্রার্থীদের বেলায় ৪৫ মিনিটের প্রশ্ন হবে এইসব বিষয়ে : ইংরিজি, রিজনিং ও জেনারেল অ্যাওয়ারনেস। যাঁরা দু'টি ক্ষেত্রেই পরীক্ষা দেবেন তাঁদের বেলায় ৮৫ নম্বরের পরীক্ষা হবে এইসব বিষয়ে : ইংরিজি, ফিজিক্স ও অঙ্ক, রিজনিং ও জেনারেল অ্যাওয়ারনেস বিষয়ে। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে।

প্রতিটি পেপারে যাঁরা কোয়ালিফাইং মার্কস পাবেন, তাঁদের সেদিন বা, তার পরের দিনই শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে সাড়ে ৬ মিনিটে ১.৬ কি.মি. দৌড়। এছাড়াও ১০ বার পুশ আপ, ১০ বার সিট আপ ও ২০ বার স্কোয়াটস।

ওইদিন খেলার সরঞ্জাম আর এইচ.বি. পেন্সিল, ইরেজার, সার্পনার, আঠা, স্টেপলার, কালো বা, নীল কালির বল পয়েন্ট পেন নিয়ে যাবেন। সফল হলে অ্যাডাপ্টাবিলিটি টেস্ট-। ও অ্যাডাপ্টাবিলিটি টেস্ট-।। হবে। তারপর গ্রুপ বা, ট্রেড টেস্ট আর মেডিক্যাল টেস্ট। লিখিত পরীক্ষা দিতে যাওয়ার দিন কান ও দাঁত পরিষ্কার করে যাবেন। মোট ২-৩ দিনের পরীক্ষা দেওয়ার মানসিকতা নিয়ে যাবেন। থাকার ব্যবস্থা প্রার্থীরই।

সব পরীক্ষায় পাওয়া নম্বর দেখে সর্বভারতীয় ভিত্তিতে প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে এয়ারমেন সিলেকশন সেন্টারে ১ ডিসেম্বর। এছাড়াও জেলা শাসকের অফিসে ও এই ওয়েবসাইটে সফলদের তালিকা পাবেন : www.indianairforce.nic.in

দরখাস্ত করবেন অনলাইনে, ৫ জুলাইয়ের মধ্যে। এই ওয়েবসাইটে : https://agnipathvayu.cdac.in

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও নিচের এইসব প্রমাণপত্র স্ক্যান করে নেবেন : (ক) পাশপোর্ট মাপের রঙিন ফটো (১০ থেকে ৫০ কেবির মধ্যে) (ফটো তোলার সময় বুকের কাছে কালো স্লেটে নাম ও জন্ম-তারিখ লিখবেন), (খ) বুড়ো আঙুলের ছাপ (লেফট থাম্ব ইমপ্রেশন) (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (গ) সিগনেচার (১০ থেকে ৫০ কেবির মধ্যে), (ঘ) ১৮ বছরের নিচে বয়স হলে পিতা-মাতা বা, অভিভাবকের সই, (ঙ) বয়স, শিক্ষাগত যোগ্যতার মার্কশীট। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। কোনো অসুবিধা হলে ফোন করুন এই নম্বরে : 020-25503105 /25503106.

## সেনাবাহিনীতে অগ্নিবীর

১২ পাতার পর

সেনাবাহিনীতে কর্মরত সৈনিক বা, প্রাক্তন সমরকর্মীর ছেলেরা উচ্চতায় ২ সেমি, ওজনে ২ কেজি ও বুকের ছাতিতে ১ সেমি ছাড় পাবেন।

'অগ্নিবীর'দের ৪ বছরের জন্য নিয়োগ করা হবে। চাকরি হবে চুক্তিতে। শুরুতে ৬ মাসের মিলিটারি ট্রেনিং।

ট্রেনিং চলার সময় স্টাইপেন্ড পাবেন।

প্রথম বছর মাইনে পাবেন মাসে ৩০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২১,০০০ টাকা। বাকি ৯,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

দ্বিতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৩,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৩,১০০ টাকা। বাকি ৯,৯০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ৯,৯০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

তৃতীয় বছর মাইনে পাবেন মাসে ৩৬,৫০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৫,৫৫০ টাকা। বাকি ১০,৯৫০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১০,৯৫০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

চতুর্থ বছর মাইনে পাবেন মাসে ৪০,০০০ টাকা। এর মধ্যে হাতে পাবেন ২৮,০০০ টাকা। বাকি ১২,০০০ টাকা 'অগ্নিবীর করপাস ফান্ডে' জমা হবে। সম পরিমাণ টাকা অর্থাৎ, ১২,০০০ টাকা কেন্দ্রীয় সরকার করপাস ফান্ডে দেবে।

এছাড়াও অগ্নিবীরদের নন-কনট্রিবিউটরি স্কিমে ৪৮ লাখ টাকার জীবন বিমা করিয়ে দেওয়া হবে। মৃত্যুকালীন দুর্ঘটনা হলে প্রায় ১ কোটি টাকা দেওয়া হবে। শরীরের ৭৫% ক্ষতি হলে ২৫ লাখ আর ৫০% ক্ষতি হলে ১৫ লাখ টাকা পাবেন। সেইসঙ্গে রিস্ক, হার্ডশিপ, রেশন, পোশাক, ভ্রমণ ভাতা দেওয়া হবে। এছাড়াও বছরে ৩০ দিন ছুটি থাকবে। সেইসঙ্গে মেডিক্যাল লিভ-ও পাওয়া যাবে।

৪ বছর চাকরি করার পর ২৫% প্রার্থীকে পরীক্ষা দিয়ে ১৫ বছরের চাকরির জন্য কেন্দ্রীয় সরকারের স্থায়ী পদে নিয়োগ করা হবে জুনিয়র কমিশন্ড অফিসার বা, অন্য র‍্যাঙ্কে। তখন রেগুলার কর্মীর মতো পেনশনও পাবেন। বাকি ৭৫% কর্মীকে 'অগ্নিবীর স্কিল সার্টিফিকেট' দিয়ে চাকরি থেকে ছুটি দেওয়া হবে। তখন নিজের প্রাপ্য অগ্নিবীর করপাস ফান্ডের টাকা আর সরকারের দেওয়া করপাস ফান্ডের টাকা মিলিয়ে (সুদ-সহ) মোট প্রায় ১১ লাখ ৭১ হাজার টাকা এককালীন (এই প্যাকেজের নাম দেওয়া হয়েছে 'সেবা নিধি') দেওয়া হবে যা, আয়করে ছাড় দেওয়া হবে। এই সার্টিফিকেট দিয়ে অন্য কোনো সংস্থায় চাকরি পেতে পারেন কিংবা দ্বিতীয়বার কেরিয়ার তৈরির জন্য ব্যবসা করতে ঋণ পেতে পারেন। কোনো গ্র্যাচুইটি ও পেনশন নেই।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে শারীরিক সক্ষমতার পরীক্ষা, শরীরের মাপজোখ ও যাবতীয় প্রমাণপত্র পরীক্ষা করা হবে।

১০০ নম্বরের শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে — : ১.৬ (১ মাইল) কিমি দৌড়। ৫ মিনিট ৩০ সেকেন্ডে সম্পূর্ণ করলে ৬০ নম্বর, ৫.৩১ মিনিট থেকে ৫.৪৫ মিনিটে সম্পূর্ণ করলে ৪৮ নম্বর পাবেন।

(২) বিম টেস্ট (পুল আপ)। ১০ বার বা, তার বেশি হলে ৪০ নম্বর, ৯ বার করলে ৩৩ নম্বর, ৮ বার করলে ২৭ নম্বর, ৭ বার করলে ২১ নম্বর, ৬ বার করলে ১৬ নম্বর। (৩) ৯ ফুট গর্ত পেরোনো। (৪) জিগ-জ্যাগ ব্যালান্স (ভারসাম্য) টেস্ট।

শারীরিক সক্ষমতার পরীক্ষায় সফল হলে ডাক্তারি পরীক্ষা হবে। তারপর 'কমন এন্ট্রান্স টেস্ট'।

প্রাক্তন সমরকর্মীর ছেলে ও প্রাক্তন সমরকর্মীরা আর খেলোয়াড়রা ২০, এন.সি.সি.'র 'বি' সার্টিফিকেট কোর্স পাশ হলে ১০, 'এ' সার্টিফিকেট কোর্স পাশ হলে ৫ নম্বর বোনাস হিসাবে পাবেন। এন.সি.সি.'র 'সি' সার্টিফিকেট কোর্স পাশ হলে 'অগ্নিবীর (জেনারেল ডিউটি, ট্রেডসম্যান) পদের বেলায় লিখিত পরীক্ষা দিতে হবে না। তবে অগ্নিবীর ক্লার্ক, স্টোরকীপার ও টেকনিক্যাল পদের বেলায় ১৫ নম্বর বোনাস হিসাবে পাবেন।

ডোয়েক থেকে 'ও' লেভেল কম্পিউটার কোর্স পাশের সার্টিফিকেট থাকলে 'অগ্নিবীর ক্লার্ক/স্টোরকীপার টেকনিক্যাল পদের বেলায় ১৫ নম্বর বোনাস হিসাবে পাবেন।

আই.টি.আই. কোর্স পাশ / স্কিল যোগ্যতা থাকলে অগ্নিবীর (টেকনিক্যাল) পদের বেলায় ১ বছরের আই.টি.আই. কোর্স পাশ হলে ৩০ নম্বর, ২ বছরের আই.টি.আই. কোর্স পাশ হলে ৪০ নম্বর, ডিপ্লোমা কোর্স পাশ হলে

এরপর ২২ পাতায়

## রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ক্লার্ক

১৩ পাতার পর

২৮ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-৭-১৯৯৪ থেকে ১-৭-২০০২'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর, বিধবা বা, বিবাহবিচ্ছিন্না মহিলারা আইনত আলাদা হয়ে থাকলে ৯ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। তপশিলীদের প্রি-এক্সামিনেশন ট্রেনিং হবে আগস্টে।

প্রার্থী বাছাই হবে অনলাইন (প্রিলিমিনারি ও মেন) পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা নেবে 'ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন'। পরীক্ষা হবে অনলাইনে সেপ্টেম্বর মাসে। পরীক্ষা হবে কলকাতা-সহ সারা ভারতের বিভিন্ন অনলাইন পরীক্ষা কেন্দ্রে।

অনলাইন প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ১০০ নম্বরের ১ ঘন্টার পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৩০ নম্বর। সময় ২০ মিনিট। (২) নিউমেরিক্যাল এবিলিটি - ৩৫ নম্বর। সময় ২০ মিনিট। (৩) রিজনিং এবিলিটি - ৩৫ নম্বর। সময় ২০ মিনিট। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। ওই তিনটি বিষয়ের প্রতিটিতে কাট-অফ নম্বর পেয়ে থাকতে হবে। কাট-অফ নম্বর কত থাকবে তা আই.বি.পি.এস. ঠিক করবে। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। ফল বেরোবে সেপ্টেম্বর-অক্টোবরে।

এরপর অনলাইন মেন পরীক্ষা হবে অক্টোবরে। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের ২০০ নম্বরের ১৯০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল / ফিনান্সিয়াল অ্যাওয়ারনেস -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ৩৫ মিনিট। (২) জেনারেল ইংলিশ -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় থাকবে ৩৫ মিনিট। (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ৪৫ মিনিট। (৪) রিজনিং এবিলিটি অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউট-৬০ নম্বরের ৫০টি প্রশ্ন। সময় থাকবে ৪৫ মিনিট। প্রশ্ন হবে ইংরিজিতে।

প্রিলিমিনারি ও মেন পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে তবেই মেন পরীক্ষার জন্য ডাকা হবে। এরপর প্রভিশনালি অ্যালটমেন্ট পাবেন এপ্রিল মাস নাগাদ। দরখাস্ত করবেন অনলাইনে ১ জুলাই থেকে ২১ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ibps,in অনলাইনে দরখাস্ত করার আগে যেসব প্রমাণপত্র নিজের কাছে থাকতে হবে : (১) বৈধ ই-মেল আই.ডি.। যাঁদের আই.ডি. নেই, তাঁরা নিজের নামে ই-মেল আই.ডি. বানিয়ে নিয়ে তবেই দরখাস্ত করবেন। (২) পাশপোর্ট মাপের নিজের রঙিন ফটো ও নিজের সই (সিগনেচার) স্ক্যান করা থাকতে হবে (স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'এ জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্ম্যাটে)। সিগনেচার স্ক্যান করবেন ১০-২০ কে.বি.'র মধ্যে আর ফটো স্ক্যান করবেন ২০-৫০ কে.বি.'র মধ্যে। (৩) লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করতে হবে, (৪) নিচের এই লেখাটি সাদা কাগজে নিজের হাতের লেখায় লিখে স্ক্যান করে নেবেন 'I..... (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid, I will present the supporting documents as and when required', (৫) পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী হলে ১৭৫) টাকা লাগবে। টাকা অনলাইনে জমা দিতে পারবেন, ২১ জুলাইয়ের মধ্যে।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে 'Click here to apply online for CRP Clerks (CRP -Clerks-XII) 'তে ক্লিক করে যাবতীয় তথ্য দিয়ে 'সাবমিট' করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তবে সাবমিট করার আগে যে সব তথ্য এন্ট্রি করেছেন, তা সংশোধন করার সুযোগ পাবেন। সাবমিট করার পর আর কোনো সংশোধনের সুযোগ পাবেন না। দরখাস্ত সাবমিট করার পর 'Payment Gateway' অপশন পাবেন। অনলাইনে টাকা জমা দিতে চাইলে মাস্টার / ভিসা ডেবিট / ক্রেডিট কার্ড / ইন্টারনেট ব্যাঙ্কিংয়ে জমা দিতে পারবেন। এরপর ফটো, সিগনেচার ও লেফট থাম্ব ইমপ্রেশন, নিজের হাতের লেখা আপলোড করতে হবে। অনলাইন ট্রানজাকশন সফল হলে আপনা থেকেই রেজিস্ট্রেশন নম্বর ও পাশওয়ার্ড তৈরি হয়ে যাবে ও স্ক্রিনে দেখতে পাবেন। তখন তা ওই e-receipt প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। অনলাইন ট্রানজাকশন সফল না হলে স্ক্রীনে 'Your Online transaction was unsuccessful' দেখতে পাবেন। তখন আবার Apply Online-এ গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আবার পূরণ করতে হবে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ডি.এল.এড কোর্সে

১ পাতার পর

এলিমেন্টারি এডুকেশন (ডি.এল.এড.)' কোর্সে (সেশন ২০২২-২০২৪) ভরতি শুরু হয়েছে। এন.সি.টি.ই.'র অনুমোদিত ও পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের স্বীকৃত এই কোর্স ২ বছরের।

যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশরাও ওই শতকরা হারে নম্বর পেয়ে থাকলেও যোগ্য। তবে তাঁদের বেলায় ৪% সীট সংরক্ষিত আছে। ভোকেশনাল শাখার প্রার্থীদের বেলায় উচ্চমাধ্যমিকে ইংরিজি-সহ দু'টি ল্যাঙ্গোয়েজ বিষয় থাকতে হবে।

বয়স হতে হবে ১-৭-২০২২'র হিসাবে ৩৫ (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪০) বছরের মধ্যে। প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই কোর্স পাশ করলে প্রাইমারি টিচার ও স্কুল সার্ভিসের পরীক্ষার জন্য বরাদ্দ নম্বর পাবেন। সীট প্রতিটি প্রতিষ্ঠানে ৫০টি করে। তবে কয়েকটি প্রতিষ্ঠানে সীট ১০০টি করে। পড়ানো হবে বাংলা / অন্যান্য মাধ্যমে। মোট সীট : ৪৫,৭০০টি। এর মধ্যে সরকারি প্রতিষ্ঠানে সীট ৩,৭০০টি। বেসরকারি প্রতিষ্ঠানে ৪২,০০০টি। এর মধ্যে বাংলা মাধ্যমে সীট ৪৫,২০০টি, হিন্দি মাধ্যমে ৩০০টি, নেপালী মাধ্যমে ১০০টি, উর্দু মাধ্যমে ৫০টি, সাঁওতাড় মাধ্যমে ৫০টি।

প্রার্থী বাছাই হবে উচ্চমাধ্যমিকে পাওয়া নম্বর দেখে। শতকরা হার নির্ণয়ের সময় প্রথম ও দ্বিতীয় ল্যাঙ্গোয়েজ বিষয়-সহ বেস্ট অফ ফাইভে পাওয়া নম্বর দেখে। ই.ভি.এস.'র নম্বর এখানে ধরা হবে না। এরপর সার্টিফিকেট ভেরিফিকেশন। মেধা তালিকা ওয়েবসাইটে দেওয়া হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৬ জুলাই পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.wbbpe.org, http://wbbprimaryeducation.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর স্ক্যান করা যাবতীয় প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন সম্পূর্ণ হবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। কোনো অসুবিধা হলে সরাসরি ফোন করুন এই নম্বরে : ৯৮৩০০৬৬২৫১, ৯৮৩০০৬৬২৪৩।

TV9 বাংলা চ্যানেল দ্বারা Academic Excellence Award 2021-2022 প্রাপ্ত প্রতিষ্ঠান

# বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার

An ISO 9001 : 2015 Certified, Govt.. Regn. No [MAS-1/471, L-76204], Maslandapur, North 24 Parganas

উত্তরবঙ্গের শিক্ষার্থীদের জন্য মালদহ, রথবাড়ি তে আমাদের নতুন শাখা শীঘ্রই শুরু হবে। ফোন- 9733894444

শংকর দার কোচিং

জীবন যুদ্ধে থাকবো পাশে

২৪ বছর

কলকাতা পুলিশের অষ্টম ও নবম ব্যাচে ভর্তি চলছে, শূন্যপদ 2266, তাই Cut-off অনেক High যাবে। আজই ভর্তির জন্য যোগাযোগ করুন।

২২শে মে **WBP Main** পরীক্ষায় প্রচুর প্রশ্ন Common ছিল।

WBP Mock Intervies ক্লাস শুরু হবে রেজাল্টের পরদিন থেকে।

এক ঝাঁক অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা মণ্ডলীর তত্ত্বাবধানে চলছে আমাদের এই বৃহৎ পরিবার। জীবন যুদ্ধে সফল হতে আপনিও আমাদের পরিবারের সাথে সামিল হন।

## সেনাবাহিনীতে অগ্নিপথ প্রকল্পের মাধ্যমে হাজার হাজার অগ্নিবীর নিয়োগ

From Fill-up শুরু 1লা জুলাই 2022 থেকে। Physical ও Written উভয় বিষয়ে ক্লাস চলছে। মাঠ, মেডিকেল করেও আসতে পারেন। মাঠ মেডিকেল এর পর প্রতিদিন 2-3 টি করে ক্লাস আলাদা আলাদা Trade এ। মোট ভর্তি নেওয়া হবে 1000 জন কে। সেনাবাহিনীর Physical কঠিন হয়। এখন থেকে ভর্তি হয়ে Physical ও ক্লাস করুন। Ex-ARMY দ্বারা Physical করানো হয়। Physical এর জন্য ভর্তি ফি 500 টাকা ও প্রতিমাসে 200 টাকা।

*বিজ্ঞপ্তি আসন্ন*

**পশ্চিমবঙ্গ পুলিশ কনস্টেবল 2022, Excise ASI, সেনাবাহিনী, RPF Constable, স্কুল সার্ভিস (SLST), Primary TET, WBP Lady Constable SSC Group C & D, etc. সব বিষয়ে ভর্তি চলছে**

**Army Admission** এর ক্ষেত্রে কোর্স ফীর ওপর বিশেষ ছাড় দেওয়া হচ্ছে

Airforce ও Navy-তে Crash Course-এ ভর্তি চলছে।

প্রতিদিন 2টি করে ক্লাস। Army Class হিন্দি ও ইংলিশ — উভয় মাধ্যমেই হবে।

**RPF বিজ্ঞপ্তি আসন্ন**

শূন্যপদ অনেক। RPF এর জন্য এখন থেকে পড়াশুনার পাশাপাশি Physical খুব জরুরী। Physical এ Run, Long-jump, high-jump খুব গুরুত্বপূর্ণ। ভর্তি চলছে Physical এর জন্য। RPF এর ক্লাস শুরু হয়ে গেছে। সব পরীক্ষার জন্য নিজেকে প্রস্তুত করতে এখন থেকেই তৈরী হন।

WBP Lady Constable এর বিজ্ঞপ্তি খুব শীঘ্রই বেরোনোর সম্ভাবনা। যারা ক্যারাটে জানবেন তারা অগ্রাধিকার পাবেন। তাই পড়াশুনার পাশাপাশি হেড অফিসে ক্যারাটে শেখানো হচ্ছে, শিক্ষান্তে Certificate দেওয়া হবে। ক্লাস শুরু হয়ে গেছে।

আমাদের নতুন শাখা **খড়গপুর**

ঠিকানা : মাদপুর বিডিও অফিস থেকে ২ মিনিট হাঁটা পথ এবং মাদপুর রেলস্টেশন থেকে উত্তরে ৫ মিনিট, পশ্চিম মেদিনীপুর

যোগাযোগ : 9733894444 ক্লাস শুরু 5ই জুলাই

SSC এর মাধ্যমে 70000 শূন্যপদে নিয়োগের বিজ্ঞপ্তি শীঘ্রই। দেরী না করে আজই ভর্তির জন্য যোগাযোগ করুন।

বর্তমানে সরকারী চাকরী পেতে হলে প্রয়োজন সঠিক প্রস্তুতি, নিয়মিত মক-টেস্ট। তাই দেরী না করে এখনই ভর্তির জন্য যোগাযোগ করুন

প্রতি পরীক্ষার আগে প্রচুর মকটেস্ট নেওয়া হয়। | হেড অফিসে আবাসিকদের জন্য Evening ক্লাসের ব্যবস্থা আছে। | হেড অফিসে Physical এর ব্যবস্থা আছে।

দূরবর্তী ছাত্র ও ছাত্রীদের থাকা ও খাওয়ার জন্য হেড অফিসে রয়েছে নিজস্ব 4টি হোস্টেল।

প্রতিটি শাখায় প্রয়োজন হলে আগে Demo Class করুন তারপর ভর্তি হন।

পুলিশ ও সেনাবাহিনীতে সবচেয়ে বেশি চাকরী পায় এই প্রতিষ্ঠান থেকে

ফ্যাকাল্টি চাই : বাঁকুড়া ও সিমলাপাল শাখার জন্য অভিজ্ঞ Math শিক্ষক / শিক্ষিকা চাই, বাঁকুড়া অগ্রগণ্য, CV পাঠান : 9733814088

রাজ্যের গ্রুপ সি ও ডি | স্কুল সার্ভিস SLST | SSC MTS | AIRFORCE X & Y | WBP SI | R.P.F | সেনাবাহিনী | SSC আটবাহিনী | Railway Gr-D

BSF Tradesman | WBP (MAIN) | Primary TET | Railway Gr-D | স্কুল সার্ভিস গ্রুপ C ও D | কলকাতা পুলিশ | Coast Guard | Upcoming WBP

**হেড অফিস** (সপ্তাহে ৭ দিনই খোলা)

মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা (শিয়ালদহ থেকে বনগাঁ লোকালে মছলন্দপুর স্টেশন সংলগ্ন জাগরণী সংঘের সন্নিকটে)

Admission Helpline 9733894444, 9547004388

**বারাসাত শাখা** (শুক্রবার বন্ধ)

বারাসাত ১ নং টিকিট কাউন্টারের নীচে বিবেক সংঘের বিপরীতে চতুর্থ তল

Admission Helpline 9635428886

**বাঁকুড়া শাখা**

কাটজুড়িডাঙ্গা, বাঁকুড়া (বাসস্ট্যান্ডের সন্নিকটে সরস্বতী ক্লাবের দোতলায়)

Admission Helpline 8001693133

**বসিরহাট শাখা**

ভ্যাবলা রেলস্টেশন সংলগ্ন পাটকেল মোড়ার খোলার আগে সামাদ ডাক্তারের বাড়ির দোতলায়

Admission Helpline 9647303005

**বারুইপুর শাখা**

ঠিকানা : বারুইপুর রেল গেট ও কোর্টের মাঝখানে প্রমীলা হাউস, ৫ম তল, মহানাম বস্ত্রালয়ের পাশে

Admission Helpline 7557050701

**তমলুক শাখা**

ঠিকানা : নিমতৌড়ি তমলুক, পূর্ব মেদিনীপুর নিমতৌড়ি বাসস্ট্যান্ডে নেমে তমলুকের দিকে কুলবেড়্যা স্টপেজ। অনুরাগ Xerox এর উপরে।

Admission Helpline 8328770363

**সিমলাপাল শাখা**

ঠিকানা : সিমলাপাল স্কুল মোড়, MLA অফিসের ৩য় তল।

Admission Helpline 7001867319

# BNG

**HOTEL MANAGEMENT INSTITUTE**

The Power House of Hospitality

## ভর্তি শুরু হয়ে গেছে

জুলাই ২০২২ এর জন্য

CCPTR (Centre for Collaborative Programs, Training and Research),
CCPTR MAKAUT, WB
মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি (ম্যাকাউট, পশ্চিমবঙ্গ) অনুমোদিত
শুধুমাত্র ১ বছরের হোটেল ম্যানেজমেন্টের ডিপ্লোমা কোর্স
মাত্র 45,000/-*

## হোটেল ও হসপিটালিটি ম্যানেজমেন্ট

| Program Duration | Total FEE | Celebration Fee |
|---|---|---|
| 3 years | ~~1,80,000/~~ | 1,50,000/- |
| 2 years | ~~90,000/~~ | 70,000/- |
| 1 year | ~~50,000/~~ | 35,000/- |
| 6 months | ~~25,000/~~ | 23,000/- |
| 3 months by NSDC | ~~12,000/~~ | 10,000/- |

সর্বভারতীয় দৈনিক Times of India-র দেওয়া ২০২০ সালের Times Leading Hotel Management Institute সম্মানে ভূষিত

**INSTANT LOAN*** available, no Guarantor required.

**আন্তর্জাতিক প্লেসমেন্ট সহায়তা** | কানাডা, ইউএসএ, জার্মানি, ফ্রান্স দুবাই, মরিশাস, সিঙ্গাপুর, মালয়েশিয়া ওমান, আবু ধাবি, অস্ট্রেলিয়া ইত্যাদি

- HYATT — Chef Sougata Ghosh Celebrity Chef
- ATLANTIS — Farid Zaman Atlantis The Palm Dubai
- Le MERIDIEN — Bulbuli Bala Le Meridien Hotels
- Sheraton — Atashi Dey Sheraton Grand
- Radisson — Sharmila Sardar Radisson Blu
- CAPITAL MOTION — Pritam Bar Capital Motion Abu Dhabi
- Arjaan — Anita Mura Hala Arjaan by Rotana Dubai
- THE HHI — Asiful Islam HHI
- Hilton — Argha Sen Double Tree Suites by Hilton
- Radisson — Pabitra Das Biswas Radisson Blu
- ibis — Bappa Das and Subhamoy Guria- IBIS- ALL Accor Live Limitless
- Holiday Inn — Aishwarya Auddy Holiday Inn
- Costa — Gouranga Guin Costa Cruises
- VOYAGES — Pratim Bar Virgin Voyages Cruiselines
- WALDORF ASTORIA — Amar Faruque Mallick Waldorf Astoria Dubai Palm Jumeirah
- HYATT — Santu Das Hyatt
- ATLANTIS — Parisha Bose Atlantis The Palm Dubai
- PRINCESS CRUISES — Imran Ali Mondal Princess Cruises
- ALL ACCOR LIVE LIMITLESS — Kiran Barui ALL Accor Live Limitless
- TAJ — Chanchal Das- Taj
- Palash Saha Dejeuner Restaurant & Bar Owner-New Zealand
- Royal Caribbean International — Sayantan Chakraborty Royal Carribbean Cruiselines
- vistara — Souvik Banik Vistara Airlines
- Priya Saha Avatar Hotels

★ Condition Apply.

bindumedia.co.in

## BNG HOTEL MANAGEMENT INSTITUTE, KOLKATA

ক্যাম্পাস : সেক্টর V - সল্টলেক ও নিউ টাউন ব্রিজের কাছে, বাস স্টপ- কোল ভবন।

W : www.bngkolkata.com | E : admin@bngkolkata.com | P : +91 98307 96307 | Toll Free No. : 1800 891 1508

# বিনা ডোনেশনে সরাসরি ভর্তি




**কম সময়ে প্রফেশনাল কোর্স করে নিজেকে সু প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন IIHPS-এর সাথে। বিগত ২০১৩ সাল থেকে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা থেকে উচ্চমাধ্যমিকে উত্তীর্ন ছেলেমেয়েদের-কে ভিন্ রাজ্যে নার্সিং কোর্স করিয়ে তাদের লক্ষ্যপূরণ করতে সক্ষম হয়েছে IIHPS।**

একমাত্র IIHPS-এর মাধ্যমে ভর্তি হওয়া ছেলেমেয়েরা নার্সিং কোর্স করে পশ্চিমবঙ্গ সরকারের অধিনস্থ হসপিটাল ও সরকার অনুমোদিত নার্সিংহোমে কর্মরত।

## উচ্চমাধ্যমিকে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ গড়ার বার্তা

- **GNM NURSING**
- **B.Sc. NURSING**
- **P.B.B.Sc. NURSING**

**সরাসরি ভর্তি চলছে**

- **D. PHARMACY**
- **B. PHARMACY**

## IIHPS-এর নিজস্ব হসপিটাল থাকায় ইন্টার্নশিপের সুবিধা।

কোনো প্রতিষ্ঠানের মাধ্যমে বা কোনো কলেজে ছেলেমেয়েকে নার্সিং কোর্সে ভর্তি করার আগে দেখে নিন সেই প্রতিষ্ঠান বা সেই কলেজের নিজস্ব হসপিটাল এই রাজ্যে আছে কি না।

### আমাদের পরিষেবা

- নিজস্ব হসপিটাল থাকার জন্য ইন্টার্নশিপ করার সুবিধা।
- ১০০% এডুকেশন লোনের সহায়তা।
- ১০০% Placement-এর সুবিধা
- বাঙালি কলেজ ও খাবারের সুবিধা
- Next month থেকে spoken english ও Nursing fundamental -এর ক্লাস শুরু হতে চলেছে।



আরও বিস্তারিত জানতে যোগাযোগ করুন —

**Indian Institute of Higher & Professional Studies (IIHPS)**

(An ISO 9001 : 2015 Certified Institute) ● A Unit of Med Life Plus Multi Speciality Hospital & Diagnostic Centre

68 Rai Mallick Colony, Dum Dum, Kol- 70030, W.B

**H.O. Kolkata : 033 25483131, 9830116233, 9830116992**

**B.R. Kalyani : 9874013210, 9874013370**

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-8233. E-Mail : karmsang@gmail.com